Palmer T. and P., ...	New China Bazar, ditto, Wine Merchants, ...	70 0 9	0 4 6	ditto.

Creditors.	Description.	Amount of Claim Sa. Rs.	1st Divid. Co.'s 6 As. per 100. Sa. Rs.	
Peer Bux, ...	Kerr's Lane, Calcutta, Kansamah, ...	57 7 11	0 3 6	Admitted.
Radamadub Haldar,... ...	Pattreaghattah, ditto, Writer,	1300 0 0	4 14 0	ditto.
Ramcoomar Doss, ...	Mulunga, ditto, ...	160 0 0	0 9 7	ditto.
Robertson, M.	Baleaghaut Road, Suburbs of Calcutta, Trader,... ...	30 0 0	0 1 10	ditto.
Sutherland, P.	Boitaconnah, ditto, Register in the Military Board Office, ...	150 0 0	0 9 0	ditto.
Suntockloll and Kaderon Loll, ...	Burrabazar, ditto, Cloth Merchants, ...	64 0 0	0 3 10	ditto.
Samchund Turrupdar, ...	Old China Bazar, ditto, Tea ditto, ...	15 0 0	0 0 10	ditto.
Shaik Surrubly, ...	Royd Street, ditto Kidmutgar, ...	64 0 0	0 3 10	ditto.
Sookmoy Roy, ...	Free School Street, ditto, Matman, ...	23 0 0	0 1 5	ditto.
Swinhoe, T. B. & J. H. ...	Council House Street, ditto, Attornies at Law, ...	300 0 0	1 2 0	ditto.
Watkins, Cliff and Co., ...	Government Place, ditto, Tea Merchants, ...	50 0 0	0 3 0	ditto.

With reference to the foregoing Advertisements, if the Parties entitled to the above Dividends, will prove their claims before the Official Assignee, he may probably be able to assist them in obtaining the respective Dividends out of Court at a much less expense than has hitherto been incurred.

জান মার্কেডো সাহেবের ইষ্টেট।

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত বেওরা	সিক্কা টাকার দাওয়া	সিক্কা ১০০৲ টাকার উপর কোং ।৵ আনার প্রথম ডিবিডেণ্ড	
মৃত গোলাবদি মিস্ত্রীর বিধবা ও প্রতিনিধি বেনু বিবি ...	কলিকাতা সরক্যুলর রোড	১২৫ ॥০	॥৵৮	মঞ্জুর হইল
বাবুরাম শীল ...	ঐ নূতন চীনাবাজার দোকানদার	৫০৶	৶	ঐ
ইষ্ট ইণ্ডিয়া কোঅপরেটিব সোসৈটি...	ঐ কসাইটোলা টি স্মিথ কার্য্যকারক ...	৬৪৲	৶১০	ঐ
ফ্রিথ এবং গার্ডিন ...	কলিকাতা চিকিৎসক ও ড্রগিষ্ট	১৬৯৮৸৵৬	৬ ।১১	ঐ
ফয়জু	কলিকাতা ফ্রিস্কুলের খানসামা	৩০৲	/১০	ঐ
গুরুদাস ঘোষ ...	ঐ যোড়াসাঁকো কেরাণি	১৭৪৲	॥৵৫	ঐ
গৌরমোহন ঘোষ ...	ঐ বৈঠকখানা মাখনওয়ালা	১২৫৲	।৵৬	ঐ
গোলোক দত্ত ...	ঐ আহীরীটোলা দোকানদার	১২০৲	।৵২	ঐ
গৌরমোহন দত্ত ...	নূতন চাউলহাটা পাইকার	৩৫৲	৶১	ঐ
হরচন্দ্র ঠাকুর ...	ঐ চোরবাগান সরকার	১৬০০৲	৬৲	ঐ
হাইফর কোং ...	ঐ ধর্ম্মতলা বাবুর্চি	১৫৫৲	॥/৩	ঐ
সি জে জোন্স ...	ঐ চৌরঙ্গী গলি কেরাণি	৯০৲	।/৪	ঐ
জে এল মফিন ...	ঐ কার্স লেন	৫৬০৸/৭	২/৮	ঐ
মথুরমোহন ঘোষ ...	ঐ যোড়াসাঁকো	৩৮৩৲	১ ।৵১১	ঐ
মাধব বড়াল ও রামমোহন বড়াল ও রামধন মুখুয্যা ...	ঐ গজমোহন বড়ালের পুত্র ও উত্তরাধিকারী এবং প্রতিনিধি কেরাণি	১৭০৲	॥৵৯	ঐ
বিবি এচ মার্টিন ...	কলিকাতা তেরেটিবাজার রুটির দোকান ...	২২৸/	/৫	ঐ
মিডল্টন কোং ...	ঐ ওল্ড কোর্ট হৌস ষ্ট্রিট সোণার ...	৫০৲	৶	ঐ
কৃষ্ণমোহন চন্দ্র ...	ঐ আহীরীটোলা সরকার	৩২৫৲	১৵৬	ঐ
নূরমহম্মদ ...	ঐ বিবি কুপরের গলি মেন্দিবাগান দরজী ...	১২৫৲	।৵৬	ঐ
টি এবং পি পামর ...	ঐ নূতন চীনাবাজার শরাবওয়ালা	৭০৵৯	।৬	ঐ
পীর বক্স	ঐ কার্স লেন খানসামা	৫৭ ।৵১১	৶৬	ঐ
রাধামাধব হালদার...	ঐ পাতরিয়াঘাটা কেরাণি	১৩০০৲	৪৸৵	ঐ

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত বেওরা	সিক্কা টাকার দাওয়া	সিক্কা ১০০৲ টাকার উপর কোং ।৵ আনার প্রথম ডিবিডেণ্ড	
রামকুমার দাস ...	কলিকাতা মলঙ্গা	১৬০৲	॥/৭	মঞ্জুর হইল
এম রাবর্টসন ...	কলিকাতা শহরতলী বালিয়াঘাটার রাস্তা ব্যাপারী	৩০৲	/১০	ঐ
পি সথরলাণ্ড ...	ঐ বৈঠকখানা মিলিটারী বোর্ড আফিসের রেজিষ্টর	১৫০৲	॥৵	ঐ
শান্তক লাল এবং কাদরন লাল ...	ঐ বড়বাজার কাপড়িয়া মহাজন	৬৪৲	৵১০	ঐ
শ্যামচাঁদ তরুপদার...	ঐ পুরাণ চীনাবাজার চার সওদাগর ...	১৫৲	৴১০	ঐ
শেক সরাবদি ...	ঐ রাইড ষ্ট্রিট খিদমৎগার	৬৪৲	৵১০	ঐ
সুখময় রায় ...	ঐ ফিস্কুল ষ্ট্রিট সপওয়ালা	২৩৲	/৫	ঐ
টি বি এবং জে এচ সুইনহো	ঐ কৌন্সেল হৌস ষ্ট্রিট উকীল	৩০০৲	১৵	ঐ
ওয়াটকিন্স ক্লিফ কোং	ঐ গবর্ণমেণ্ট প্লেস চার সওদাগর	৫০৲	৵	ঐ

উপরের উক্ত ইশ্তিহারের উপলক্ষে সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত ডিবিডেণ্ডপাওনিয়া ব্যক্তিরা যদি আদালতের নিযুক্ত আসৈনি সাহেবের নিকটে উপস্থিত হইয়া আপন২ দাওয়া সাব্যস্ত করেন্ তবে ঐ টাকা আদালতহইতে বাহির করিতে পূর্ব্বে যে খরচা লাগিত তাহাহইতে কম খরচায় ঐ ডিবিডেণ্ড আদালতহইতে বাহির করিবার বিষয়ে ঐ আসৈনি সাহেব তাঁহারদের সাহায্য করিতে পারিবেন।

[*Government Gazette, 4th August,* 1846.] [11]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 4, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৪ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 97.

To the Magistrates of Lower Provinces.

1st. Referring to the Circular letter of Mr. Under Secretary Turnbull, dated the 20th ultimo, No. 1058, copy of which is hereunto annexed, authorizing officers in charge of Jails in this Presidency, to pay to the Jail Darogah, at the close of each official year, a commission of 35 per cent. on profits of Jail manufactures, I have the honor to request that you will have the goodness, on the expiration of each official year, to ascertain the profits arising on the sale of manufactures worked by convicts confined in the Jail of your district, bearing in mind the rule laid down in the 2d Paragraph of that Circular, and to pay to your Jail Darogah the prescribed commission, holding the payments in Inefficient Balance until you are furnished with a memorandum from this office shewing the actual (tested) amount of profits on Jail manufactures carried on under your superintendence; when you can charge the amount thus shewn, in your Cash Account under the head of "Convict Labor Fund," supported by an original order of Government to be obtained by you for that purpose. You will be careful at the same time, to recover from your Jail Darogah any payment made to him in excess of the amount indicated in the memorandum from this office, or to pay to that officer any sum that may previously have been less paid to him, reporting the fact of the payments to Government in the mode directed in the concluding part of the 1st Paragraph of Mr. Turnbull's Circular above referred to.

2d. You are likewise requested to retain in Inefficient Balance any disbursements that you

আক্কৌণ্টেণ্ট জেনরলের সরক্যুলর অর্ডর।

৯৭ নম্বর।

বাঙ্গলাভূপ্রতি দেশের শ্রীযুক্ত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

ছোট সেক্রেটারী টর্ণবুল সাহেব গত মাসের ২০ তারিখে ১০৫৮ নম্বরী এক পত্রের দ্বারা (ঐ পত্রের নকল নীচে দেওয়া গেল) এই রাজধানীর অন্তঃপাতি জেলখানার অধ্যক্ষদিগকে এই হুকুম দিলেন যে সরকারী প্রত্যেক বৎসরের শেষে জেলখানায় প্রস্তুত করা দ্রব্যের লাভের শতকরা ৩৫৲ টাকার হিসাবে জেলখানার দারোগাকে দেন্। সেই পত্রের উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে প্রত্যেক সরকারী বৎসরের শেষে তোমার জিলার জেলখানায় কয়েদহওয়া বন্দুয়ানেরদের নির্ম্মিত শিল্প দ্রব্য বিক্রয় করণেতে যে লাভ জন্মিয়াছে তাহা নিশ্চয় কর এবং ঐ সরক্যুলর অর্ডরের ২ দফার লিখিত বিধি মনে রাখিয়া তোমার জেলখানার দারোগাকে নিয়মিত কমিস্যন দেও। এবং তোমার হিসাবে মোকাবিলা না হওয়া টাকার খাতায় খরচ লেখ। পরে তোমার অধীন জেলখানার প্রস্তুত করা শিল্প দ্রব্যের লাভের যথার্থ সংখ্যার নিদর্শন এই দফতরহইতে পাইলে তুমি ঐ টাকা তোমার নগদ টাকার হিসাবে "বন্দুয়ানেরদের পরিশ্রমের পুঁজি" এই খাতায় লেখ কিন্তু এই বিষয়ে গবর্ণমেণ্টের স্থানহইতে তোমার আসল এক হুকুমের প্রমাণ দিতে হইবেক। এই দফতরখানাহইতে প্রেরিত লিপির মধ্যে যত টাকা লেখা থাকে তদপেক্ষা অধিক টাকা যদি তোমার জেলখানার দারোগাকে তাহার পূর্ব্বে দিয়া থাক তবে ঐ অধিক টাকা তাহার স্থানে উসুল করিতে হইবেক, পক্ষান্তরে ইহার পূর্ব্বে যদি তুমি ঐ লিপির নির্দ্দিষ্ট টাকা-অপেক্ষা তাহাকে কম দিয়া থাক তবে তাহা পূর্ণ করিয়া দিবা। এবং টর্ণবুল সাহেবের পূর্ব্বোক্ত সরক্যুলর অর্ডরের প্রথম দফার শেষ ভাগে যেমত লেখা আছে সেইমতে এই টাকা দেওনের বিষয়ে গবর্ণমেণ্টের নিকটে রিপোর্ট করিবা।

২। এই দফতরের যে লিপির বিষয় পূর্ব্ব দফায় লেখা আছে তাহা তোমার নিকটে পঁহুছনের পূর্ব্বে উক্ত লাভের

may be authorized to make on account of objects of public utility from the balance of 65 per cent. of the said profits, previous to the receipt by you of the memorandum from this department already alluded to, and to charge the sums in the body of your Cash Account under the head of "Convict Labor Fund," when the actual (tested) amount of the profits for the year shall have been duly communicated to you, the charge being also supported by the original orders of Government. Any differences between the amount debitable as per the memorandum of this department and that which may be previously disbursed by you, must of course be adjusted in the manner prescribed in respect to payments made on account of commission to Darogahs above referred to.

(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Judicial Department, the 24th June, 1846.

(COPY.)

No. 1058.

From the Under Secretary to the Government of Bengal, to

Dated Fort William, the 20th May, 1846.

1. In continuation of Circular Orders No. 1172, of the 25th June, 1845, I am directed to inform you, that the Honourable the Deputy Governor of Bengal has been pleased to authorize, until further orders, all officers in charge of Jails in this Presidency (with the exceptions mentioned in that Circular) to pay to the Jail Darogahs, at the close of each official year, a commission of 35 per cent. on profits of manufactures carried on under their superintendence. Such payments will of course be subject to the correction of the Accountant to the Government of Bengal, and it is desirable that the amount in each instance should be reported to this office, for the information of Government in the Tabular Form No. 1, annexed to the Circular in question.

2. The Magistrates will bear in mind that this commission is strictly limited to the proceeds of articles actually sold, or to the bona fide value of those consumed for public purposes, and that articles remaining in store at the end of the year must not be included in the calculation.

3. Before expending the balance of 65 per cent. on objects of local utility, the Magistrates will previously obtain the sanction of Government as heretofore.

(Signed) A. TURNBULL,
Under Secy. to the Govt. of Bengal.

(A true copy.)

(Signed) C. BEADON,
Under Secy. to the Govt. of Bengal.

(True copy.)

(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

অবশিষ্ট অর্থাৎ শতকরা ৬৫৲ টাকার কোন অংশ যদি সাধারণের উপকারক কর্ম্মে ব্যয় করিতে তোমার প্রতি হুকুম দেওয়া গিয়াছিল তবে সেই ব্যয়হওয়া টাকা তোমার মোকাবিলা না হওয়া খাতার মধ্যে রাখিবা। এবং যখন সম্বৎসরের লাভের যথার্থ সংখ্যার বিবরণ রীতিমতে তোমাকে জানান যায় তখন সেই সকল টাকা তোমার নগদ টাকার হিসাবের বহীতে "বন্দুয়ানেরদের পরিশ্রমের পুঁজি" এই খাতায় লিখিবা। কিন্তু ঐ টাকা ব্যয়করণের বিষয়ে গবর্ণমেণ্টের আসল হুকুমের প্রমাণের আবশ্যক। এই দফ্তরের লিপির নিদর্শনে যে টাকা খরচ লিখিতে হয় এবং ইহার পূর্ব্বে তুমি যে টাকা খরচ করিয়াছ উভয়ের মধ্যে যদি কিছু বৈলক্ষণ্য হয় তবে দারোগার কমিস্যনের বাবতে যে টাকা দেওয়া যায় তাহার মোকাবিলা করণের বিষয়ে যে নিয়ম আছে তদনুসারে এই টাকার বিষয়ে করিতে হইবেক।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকেকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
জুডিসিয়ল ডিপার্টমেণ্ট। ১৮৪৬। ২৪ জুন।

নকল।

১০৫৮ নম্বর।

অমুক ব্যক্তির প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬ সাল ২০ মে।

১৮৪৫ সালের ২৫ জুন তারিখের ১১৭২ নম্বরী সরক্যুলর অর্ডরের অনুক্রমে তোমাকে জানাইতেছি যে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব এই অনুমতি দিয়াছেন যে (ঐ সরক্যুলর অর্ডরের বর্জ্জিত বিষয় ছাড়া) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত এই রাজধানীর সকল জেলখানার অধ্যক্ষ প্রত্যেক সঙ্কারী বৎসরের শেষে আপনার অধীনে যে সকল শিল্প দ্রব্য প্রস্তুত হয় তাহার লাভের উপর শতকরা ৩৫৲ টাকার হিসাবে কমিস্যন জেলখানার দারোগাকে দেন্। ঐ দত্ত টাকার হিসাব সুতরাং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকেকৌণ্টেণ্ট সাহেব সংশোধন করিবেন। এবং প্রত্যেক দারোগাকে যত টাকা দেওয়া যায় তাহার সংখ্যার রিপোর্ট গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের নিমিত্তে এই দফ্তরে করা উচিত। ঐ রিপোর্ট পূর্ব্বোক্ত সরক্যুলর অর্ডরের শেষের লিখিত ১ প্রথম নম্বরী পাঠানুসারে শ্রেণীবৎ করিতে হইবেক।

২। মাজিষ্ট্রেট সাহেবেরা মনে রাখিবেন যে যে২ দ্রব্য নিতান্ত বিক্রয় হইয়াছে কেবল তাহার উপস্বত্বের উপর অথবা যে২ দ্রব্য সরকারী কার্য্যে ব্যয় হইয়াছে তাহার মূল্যের উপর ঐ কমিস্যন দেওয়া যাইবেক এবং বৎসরের শেষে যে সকল দ্রব্য মৌজুদ থাকে তাহা এই হিসাবের মধ্যে গণ্য হইবেক না।

৩। অবশিষ্ট শতকরা ৬৫৲ টাকা তৎস্থানের কোন উপকারক কর্ম্মে ব্যয় করণের পূর্ব্বে গবর্ণমেণ্টের অনুমতি পূর্ব্ববৎ মাজিষ্ট্রেট সাহেবেরদের লইতে হইবেক।

এ টর্ণবুল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকেকৌণ্টেণ্ট।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 18.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. To obviate the risk of misapprehension I am desired by the Sudder Board of Revenue to instruct you, with reference to their Circular No. 8, dated the 20th of March last, that Zemindars and other persons vested with the power of distraining for rent are not authorized themselves to sell distrained property or to employ any Agency for that purpose excepting a person duly appointed under Act No. 1 of 1839, and further, that the only real property which can be brought to sale in satisfaction of a summary decree for arrears of rent is the Talook or other tenure from which the arrear is due; provided by the title deeds or established usage such tenure be transferable by sale or otherwise.*

2d. The Board desire me to take this opportunity of pointing out to you, with reference to the 3d Para. of their Circular No. 16, dated the 19th June, 1834, that an application to the Dewanny Adawlut is not now necessary for bringing tenures to sale in satisfaction of summary awards for arrears of rent which may have accrued thereon, the power of making such sales having been transferred to Collectors since the date of their abovementioned Circular, by Act VIII. of 1835.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 13th July, 1846.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 16.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court of Sudder Dewanny Adawlut for the Lower Provinces direct that an error in the phraseology of the 4th para. of their Circular Order No. 5, of the 23d January last, be corrected by the insertion of the terms "provided such document bear the acknowledgment and verification of both parties to the suit," immediately after the word "parties," occurring in the 6th line of the para. in question, as printed in the *Bengalee Government Gazette* of the 24th March, 1846, page 172.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 2d June, 1846.

* Clause 7, Section 15, Regulation VII. of 1799.

Clause 4, Section 18, Regulation VIII. 1819.

[*Government Gazette, 4th August,* 1846.]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

১। ভ্রম না হইবার নিমিত্ত সদর বোর্ড রেবিনিউর গত ২০ মার্চ তারিখের ৮ নম্বরী সরক্যুলর অর্ডরের উপলক্ষে তাঁহারদের হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে জমীদারেরা এবং অন্যান্য যে ব্যক্তিরা বাকী খাজানার নিমিত্তে সম্পত্তি ক্রোককরণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাঁহারা ক্রোকহওয়া সম্পত্তি নিজে বিক্রয় করিতে পারিবেন না অথবা ১৮৩৯ সালের ১ আইনক্রমে রীতিমত নিযুক্ত ব্যক্তিছাড়া বিক্রয় করণের নিমিত্তে আর কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন না। পুনশ্চ বাকী খাজানার সরাসরী ডিক্রী জারী করণার্থ যে তালুক বা অন্য ভূমিতে সেই খাজানা বাকী পড়িয়াছে তাহাছাড়া অন্য কোন স্থাবর সম্পত্তি সেই নিমিত্তে বিক্রয় করিতে পারিবেন না এবং যে স্থলে পাট্টা অথবা চলিত দাঁড়াক্রমে ঐ ভূমি বিক্রয় বা অন্য প্রকারে হস্তান্তর হইতে পারে * কেবল সেই স্থলে তাঁহারা ঐ তালুক বা ভূমিপ্রভৃতি বিক্রয় করিতে পারেন।

২। সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা আরো এই সুযোগে তাঁহারদের ১৮৩৪ সালের ১৯ জুন তারিখের ১৬ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩ দফার উপলক্ষে তোমাকে জানাইতেছেন যে যে ভূমির খাজানা বাকী পড়িয়াছে ঐ বাকী খাজানার সরাসরী ডিক্রী জারীকরণার্থ সেই ভূমি নীলামকরণের জন্যে দেওয়ানী আদালতে আর দরখাস্ত করণের আবশ্যক নাই যেহেতুক তাঁহারদের পূর্ব্ব লিখিত সরক্যুলর অর্ডরের তারিখের পর ১৮৩৫ সালের ৮ আইনক্রমে সেই প্রকার নীলাম করণের ক্ষমতা কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে গত ২৩ জানুআরি তারিখের তাঁহারদের ৫ নম্বরী সরক্যুলর অর্ডরের ৪ দফার কথায় যে ভ্রম হইয়াছে তাহার এইরূপে সংশোধন হয় বিশেষতঃ ১৮৪৬ সালের ২৪ মার্চ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ১৭২ পৃষ্ঠায় মুদ্রিত ঐ ৪ দফার পঞ্চম পঙ্ক্তিতে "নিষ্পত্তি হইয়াছে" এই কথার পরে "এবং ঐ দরখাস্তে মোকদ্দমার উভয় পক্ষের স্বীকার ও সহী লেখা থাকে" এই কথা পড়িতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

* ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ।

১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৪ প্রকরণ।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 8.

To the Several Criminal Authorities in the Lower Provinces.

Pursuant to the orders of Government, the Court publish, for the information of the Criminal Authorities, the accompanying copy of a correspondence regarding the nature of the assistance which Magistrates are expected to afford Sheriff's officers entrusted with the execution of Writs of Capias issued by the Supreme Court against parties residing in the Mofussil.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 12th June, 1846.

No. 84 of 1846.

From A. Campbell, Esquire, Magistrate of Darjeeling, to F. J. Halliday, Esquire, Secretary to Government of Bengal, Fort William, dated Darjeeling, the 29th April, 1846.

I have the honor to request that you will procure for me the opinion of the Advocate General on my proceedings as noted in the margin,* and such opinion as may guide me in deciding on any further steps that may be taken before me in the matter by the Sheriff's Bailiff, either with or without a "Writ of Assistance" or other process issued by the Supreme Court.

2d. I have grounded my proceedings on the absence of any sanction in the Regulations to compliance with the Sheriff's officer's requisitions, and on decisions of the Sudder Courts noted underneath :

1. Circular Order No. 765, dated March 8th, 1833.
2. No. 800, dated 21st June, 1833.
3. No. 636, dated 20th May, 1831.

(Signed) A. CAMPBELL,
Magistrate.

A. Campbell, Esq., Magistrate of Darjeeling.

I have to request you will give me a Posse of your Police force to assist, and protect me in the execution of my duty, in conveying under Civil arrest to Calcutta.

(Signed) W. GRANT,
Sheriff's Officer.

Darjeeling, 27th April, 1846.

Order.—If the Sheriff's officer desires protection, he must make affidavit to his belief that such is requisite. Assistance in the conveyance of a pri-

* Letter of Sheriff's officer, dated 27th April, with order thereon. Letter of do. dated 28th with order thereon of the 29th.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৮ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

মফঃসলনিবাসি ব্যক্তিরদের বিরুদ্ধে "কেপিরস" নামক যে রিট অর্থাৎ পরওয়ানা সুপ্রিম কোর্টহইতে বাহির হয় তাহা জারী করণের ভারপ্রাপ্ত সরিফের সারজনের সাহায্য যে প্রকারে মাজিষ্ট্রেট সাহেবেরদের করিতে হইবেক তদ্বিষয়ি লিখনপঠনের নীচের লিখিত নকল সদর নিজামৎ আদালতের সাহেবেরা গবর্ণমেন্টের হুকুমক্রমে ফৌজদারীর কার্য্যকারকেরদের বিজ্ঞাপনার্থ প্রকাশ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১২ জুন।

১৮৪৬ সাল ৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেবের প্রতি দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট শ্রীযুত এ কাম্‌বেল সাহেবের পত্র। দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৯ আপ্রিল।

আপনার নিকটে আমি নিবেদন করিতেছি যে পশ্চাৎ লিখিত* আমার কার্য্যের বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত আনান্ এবং "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানা কিম্বা সুপ্রিম কোর্টের বাহিরহওয়া অন্য কোন হুকুম সরিফ সাহেবের সারজন দেখাইলে বা না দেখাইলে এই বিষয়ে আমার সমক্ষে সেই ব্যক্তি আর যে কোন উদ্যোগ করে তদ্বিষয়ে আমার কি কর্ত্তব্য ইহা জানিবার নিমিত্তে ঐ শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত প্রার্থনা করি।

২। আমি এই বিষয়ে যে২ কার্য্য করিয়াছি তাহার মূল এই যে সরিফ সাহেবের সারজনের দাওয়ার অনুসারে কার্য্য করিতে আইনের মধ্যে অনুমতি নাই এবং পশ্চাৎ লিখিত সদর আদালতের নিষ্পত্তির উপর নির্ভর করিয়াছি।

১। ১৮৩৩ সালের ৮ মার্চ তারিখের ৭৬৫ নম্বরী সরক্যুলর অর্ডর।

২। ১৮৩৩ সালের ২১ জুন তারিখের ৮০০ নম্বরী ঐ ঐ।

৩। ১৮৩১ সালের ২০ মে তারিখের ৬৩৬ নম্বরী ঐ ঐ।

এ কাম্‌বেল।
মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট শ্রীযুত এ কাম্‌বেল সাহেব বরাবরেষু।

দেওয়ানী পরওয়ানাক্রমে অমুক সাহেবকে গ্রেফ্তার করিতে এবং কলিকাতায় লইয়া যাইতে আমার প্রতি যে হুকুম আছে তাহাতে আমার রক্ষা ও সাহায্যকরণার্থ তোমার পোলীসের বরকন্দাজের প্রার্থনা করি।

ডবলিউ গ্রান্ট।
সরিফের সারজন।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৭ আপ্রিল।

হুকুম।

যদি সরিফ সাহেবের সারজন রক্ষা চাহেন তবে সেইরূপে তাঁহাকে রক্ষাকরণ আবশ্যক আছে এমত তাঁহার বিশ্বাসের বিষয়ে আমার সম্মুখে শপথ করিতে হইবেক। দেওয়ানী পরওয়ানাক্রমে গ্রেফ্তার হওয়া ব্যক্তিকে কলি-

* সরিফ সাহেবের সারজনের ২৭ আপ্রিল তারিখের পত্র ও তাহার বিষয়ি হুকুম। ঐ সারজনের ২৮ তারিখের পত্র ও তাহার বিষয়ি ২৯ তারিখের হুকুম।

soner under Civil arrest is not directed by the Regulations.

(Signed) A. CAMPBELL,
Magistrate.

Darjeeling, 28th April, 1846.

A. Campbell, Esq., Magistrate of Darjeeling.

I am in receipt of your order passed upon my letter of yesterday's date, requesting the assistance and protection of your Police force in the execution of my duty in conveying under Civil arrest to Calcutta.

I have the honor to observe that I consider it necessary to call upon you for a Police force to protect and assist me in the execution of my duty in conveying under Civil arrest to Calcutta, on account of the position I stand in with , he having threatened to break every bone in my body if I went over to his house.

If you require an affidavit to the facts, I am ready, (at any time you think proper) to give it.

I request the favor of your reply, and respectfully beg to call your attention to the Sheriff's official letter of the 5th ultimo.

(Signed) W. GRANT,
Sheriff's Officer.

Darjeeling, 28th April, 1846.

Sworn to before me this twenty-ninth day of April, One Thousand Eight Hundred and Forty-Six.

(Signed) A. CAMPBELL,
J. P. and Magistrate.

Darjeeling, 29th April, 1846.

Order on the letter of Mr. Grant, Sheriff's Officer, dated Darjeeling, 28th April, 1846.

The Magistrate does not consider the Sheriff's letter to his address of the 5th March tantamount to a "Writ of Assistance" issued by the Supreme Court, he will not afford protection to the Sheriff's officer in the invasion of premises, and the regulations do not authorize him to assist at all in conveying a prisoner under Civil arrest to the Sheriff.

(Signed) A. CAMPBELL,
Magistrate.

Darjeeling, 29th April, 1846.

No. 882.

To T. B. Swinhoe, Esq.,
Solicitor to the Honourable
East India Company.

I am directed by the Honourable the Deputy Governor of Bengal to transmit in original the accompanying letter, No. 84, of the 29th ultimo, with enclosures from the Superintendent of Darjeeling and to request that you will obtain the opinion of the Advocate General in the case therein alluded to.

[*Government Gazette, 4th August,* 1846.]

কাতায় লইয়া যাইবার সাহায্য করিতে আইনে কোন হুকুম নাই।

এ কাম্‌বেল।
মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৮ আপ্রিল।

দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট শ্রীযুত এ কাম্‌বেল সাহেব বরাবরেষু।

দেওয়ানী পরওয়ানাক্রমে অমুক সাহেবকে গ্রেফ্তার করিতে এবং কলিকাতায় লইয়া যাইতে আমার প্রতি হুকুম ছিল সেই কর্ম্ম সাধনে আমাকে রক্ষা ও সাহায্য করণার্থ আপনার স্থানে পোলীসের বরকন্দাজ লিখিয়া চাহিলাম। আমার সেই পত্রের আপনার উত্তর পাইলাম।

তাহাতে আমি নিবেদন করিতেছি যে দেওয়ানী পরওয়ানাক্রমে অমুক ব্যক্তিকে গ্রেফ্তার করিতে এবং কলিকাতায় লইয়া যাইবার নিমিত্তে তোমার পোলীসের বরকন্দাজের দ্বারা রক্ষা ও সাহায্য অতিআবশ্যক বোধ করি যেহেতুক ঐ সাহেব আমাকে এই ভয় দেখাইয়াছেন যে আমার ঘরে যদি তুমি প্রবেশ কর তবে তোমার শরীরের প্রত্যেক অস্থি চূর্ণ করিব।

যদি এই বিষয় শপথপূর্ব্বক সাব্যস্ত করণের আবশ্যক বোধ হয় তবে আপনি যে সময় নিরূপণ করিবেন সেই সময়ে আমি শপথ করিতে প্রস্তুত আছি।

এই পত্রের উত্তর আপনার স্থানে প্রার্থনা করি এবং বিনয়পূর্ব্বক নিবেদন করি যে শ্রীযুত সরিফ সাহেবের গত মাসের ৫ তারিখের পত্রের বিষয়ে আপনি মনোযোগ করেন।

ডবলিউ গ্রাণ্ট।
সরিফের সারজন।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৮ আপ্রিল।

অদ্য আঠার শত ছেচল্লিশ সালের উনত্রিশ আপ্রিলে আমার সম্মুখে এই বিষয়ে শপথ হইল।

এ কাম্‌বেল।
জুষ্টিস অফ দি পীস ও মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৯ আপ্রিল।

সরিফের সারজন গ্রাণ্ট সাহেবের পত্রের বিষয়ি হুকুম।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৮ আপ্রিল।

সরিফ সাহেব গত মার্চ মাসের ৫ তারিখে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যে পত্র লিখিলেন তাহা মাজিষ্ট্রেট সাহেব সুপ্রিম কোর্টের দ্বারা বাহিরহওয়া "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানার তুল্য জ্ঞান করেন্ না। অতএব সরিফের সারজনকে বলপূর্ব্বক বাটীতে প্রবেশ করণের সময়ে তাঁহার কোন সাহায্য করিবেন না এবং দেওয়ানী পরওয়ানাক্রমে গ্রেফ্তারহওয়া কোন ব্যক্তিকে সরিফ সাহেবের নিকটে লইয়া যাইবার সময়ে সারজনের সাহায্য করিতে আইনে কোন হুকুম নাই।

এ কাম্‌বেল।
মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৯ আপ্রিল।

৮৮২ নম্বর।

অনরবিল ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির উকীল শ্রীযুত টি বি সুইনহো সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে দারজিলিঙ্গের শ্রীযুত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের গত মাসের ২৯ তারিখের ৮৪ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত লিপি তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহার মধ্যের লিখিত মোকদ্দমার বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত আন।

2d. It is requested that the original enclosures may be returned with your reply.

(Signed) A. TURNBULL,
Under Secy. to the Govt. of Bengal.

Fort William, the 13th May, 1846.

Opinion.

Mr. Campbell seems to labour under considerable misapprehension as to the authority under which the Sheriff's officer is acting.

The Sheriff's letter is little more than an act of courtesy, important only as conveying notice to the Magistrate, that his assistance may be required.

The authority under which the Sheriff, or his Bailiff in his place, is acting, is a writ of Capias issued out of the Supreme Court on its common law side, directed to the Sheriff and commanding him to seize the body of and to have it at a certain time and place before the Court, &c.

A writ of assistance, the execution of which the Magistrate seems to admit he would be bound to aid, is a writ issuing out of the Supreme Court on its Equity side directed also to the Sheriff and commanding him to put a certain person into the possession of certain premises.

It seems to me that a Magistrate in the Mofussil is bound to aid, the due execution of the former writ, upon precisely the same principle as that on which he is bound to assist in the execution of the latter. The only difference between them in respect of authority is, that whereas doubts may have existed heretofore as to the power of the Court to decree possession of lands in the Mofussil, none has ever existed as to its power to take, either on mesne process, or in execution, the bodies of British subjects within the local limits of its jurisdiction.

Now upon referring to Mr. Advocate General Pearson's letter of the 21st of July, 1820, which appears to have been ever since very properly acted upon (see Circular Orders of the Sudder Dewanny Adawlut, Vol. II. No. 31, and Construction by the Sudder Dewanny Adawlut and Nizamut Adawlut, Vol. II. No. 636, the last being one of the authorities referred to by Mr. Campbell,) it will be found that the obligation of the Mofussil authorities to lend their aid to the execution of a writ of assistance does not depend upon the peculiar nature or terms of that writ, but upon the force of the 39th Section of the Charter of justice and the analogy between the power of the Sheriff to call for assistance under that Section, and the power of a Sheriff in England to call upon the Posse Comitatus.

Applying that principle to the present case, it seems to follow that whereas in England the Sheriff, where assistance is required, is, in the execution of a Capias ad satisfaciendum, *bound*, and is in the execution of a Capias ad respondendum *at liberty* to call upon the Posse Comitatus, so here if he has

২। আসল যে লিপি এক্ষণে তোমার নিকটে পাঠান যাইতেছে তাহা তুমি তোমার উত্তরের সঙ্গে পাঠাইবা।

এ টর্ণবুল।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ মে।

মত।

যে ক্ষমতাক্রমে সরিফের সারজন কর্ম্ম করেন্ সেই বিষয়ে শ্রীযুত কাম্‌বেল সাহেবের ভ্রম আছে বোধ হয়।

সরিফ সাহেবের পত্র কেবল শিষ্টতা প্রকাশ বিনাপ্রায় আর কিছু বলা যাইতে পারে না এবং তাহার অভিপ্রায় এই যে মাজিষ্ট্রেট সাহেবের সাহায্য করণের আবশ্যক হইতে পারিবেক ইহা তাঁহাকে জানান।

যে ক্ষমতাক্রমে সরিফ সাহেব অথবা তাঁহার এওজে তাঁহার সারজন এই বিষয়ে কর্ম্ম করিলেন তাহা সুপ্রিম কোর্টের "কামন লা" পক্ষে বাহিরহওয়া "কেপিয়সের" রিট অর্থাৎ পরওয়ানা। তাহাতে সরিফ সাহেবের প্রতি হুকুম আছে যে অমুক ব্যক্তিকে গ্রেফ্তার করিয়া নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে আদালতের সম্মুখে হাজির কর ইত্যাদি।

"রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানা সুপ্রিম কোর্টের "একুটি পক্ষে" বাহিরহওয়া পরওয়ানা। তাহাতে সরিফ সাহেবের প্রতি হুকুম আছে যে অমুক ব্যক্তিকে অমুক ভূমির দখল দেওয়াও। এবং দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট সাহেব স্বীকার করেন্ যে এই প্রকার পরওয়ানা জারী করণেতে তাঁহার সাহায্যকরা উচিত।

আমার বোধ হয় যে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের যেমত শেষে লিখিত পরওয়ানা জারীর সাহায্যকরা উচিত সেই নিয়মক্রমে প্রথমোক্ত পরওয়ানার তদ্রূপ সাহায্যকরা তাঁহার আবশ্যক। এই দুই পরওয়ানার ক্ষমতার মধ্যে এইমাত্র বৈলক্ষণ্য আছে যে মফঃসলে ভূমির দখলের ডিক্রী করিতে সুপ্রিম কোর্টের ক্ষমতা আছে কি না এই বিষয়ে পূর্ব্বে সন্দেহ ছিল কিন্তু ডিক্রীর পূর্ব্বে বা ডিক্রী জারীক্রমে ঐ আদালতের এলাকার সরহদ্দের মধ্যে ব্রিটনীয় প্রজাকে গ্রেফ্তার করিবার ক্ষমতার বিষয়ে কখন কোন সন্দেহ ছিল না।

আডবোকেট জেনরল শ্রীযুত পিয়র্সন সাহেবের ১৮২০ সালের ২১ জুলাই তারিখের পত্রের অনুসারে সেই তারিখঅবধি উপযুক্তমতে কার্য্য হইয়া আসিতেছে। সেই বিষয়ে সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডরের দ্বিতীয় বালমের ৩১ নম্বর এবং সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের আইনের অর্থের ২ বালমের ৬৩৬ নম্বর দেখ শ্রীযুত কাম্‌বেল সাহেব যে সরক্যুলর অর্ডরের উদাহরণ দিয়াছেন তাহার মধ্যের শেষ লিখিত এই। ঐ আডবোকেট জেনরল সাহেবের পত্র দৃষ্টি করিলে দেখা যাইতেছে যে "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ পরওয়ানা জারীর সাহায্য করিতে মফঃসলের কার্য্যকারকেরদের যে কর্ত্তব্য তাহা ঐ রিট অর্থাৎ পরওয়ানার বিশেষ ভাব অথবা বিশেষ কথার উপর নির্ভর নাই কিন্তু "চার্টর অফ জুষ্টিস" অর্থাৎ সুপ্রিম কোর্টের চার্টরের ৩৯ ধারার উপরে আছে এবং ঐ ধারাক্রমে সাহায্যের দাওয়া করিতে সরিফ সাহেবের যে ক্ষমতা আছে তাহা ইঙ্গলণ্ড দেশের সরিফ সাহেবের "পসি কমিটাটসের" সাহায্যের দাওয়া করণের ক্ষমতার সদৃশ।

অতএব ঐ নিয়ম এক্ষণকার মোকদ্দমার বিষয়ে খাটাইলে দৃষ্ট হইতেছে যে যেমন ইঙ্গলণ্ড দেশে সরিফ সাহেবের "কেপিয়স এড সাটিসফাসিয়েণ্ডম" নামক পরওয়ানা জারী করণেতে সাহায্যের আবশ্যক হইলে "পসি কমিটাটসের" সাহায্যের দাওয়া করিতে হইবেক এবং "কেপিয়স এড রেসপাণ্ডেণ্ডম" নামক পরওয়ানা জারী করণেতে তিনি "ঐ পসি কমিটাটসের" সাহায্যের দাওয়া করিতে পারেন সেইরূপে এই দেশে যদি মাজিষ্ট্রেট সাহেবের

occasion to call upon the Magistrate for assistance, the Magistrate ought to render it.

That assistance ought of course to be confined to the legal execution of the writ; for instance, the Police officers furnished by the Magistrate ought not to aid the Bailiff in breaking into a house—but they accompany him if he enter the premises without breaking in—and ought to prevent any breach of the Peace when the arrest is made, or rescue after it has been made.

I do not see that the obligation upon the Magistrate extends so far as to make it necessary for him to furnish men to assist in the conveyance of the prisoner to Calcutta.

(Signed) JAS. WM. COLVILE.

May 15th, 1846.

(A true copy.)

(Signed) T. B. SWINHOE,

Solicitor to the East India Company.

No. 1117.

To A. Campbell, Esquire,

Superintendent of Darjeeling.

I am directed by the Honourable the Deputy Governor of Bengal to acknowledge the receipt of your letter No. 84, of the 29th ultimo, with enclosures, and in reply to transmit, for your information and guidance, the accompanying copy of the Advocate General's opinion on the points therein referred.

(Signed) A. TURNBULL,

Under Secy. to the Govt. of Bengal.

(True copies.)

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 20th May, 1846.

সাহায্যের দাওয়া করণের আবশ্যক হয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সেই সাহায্য করা উচিত।

ঐ পরওয়ানা কেবল আইনমত জারী করণেতে সেইরূপ সাহায্য করিতে হইবেক যথা মাজিষ্ট্রেট সাহেব পোলীসের যে আমলারদিগকে দেন্ তাহারা সারজনকে ঘর ভাঙ্গিয়া প্রবেশ করণের সাহায্য করিবেক না কিন্তু যদি সারজন বাটী না ভাঙ্গিয়া তাহার মধ্যে প্রবেশ করে তবে তাহারা তাহার সঙ্গে যাইবেক এবং গ্রেফ্তার হওন সময়ে শান্তিভঙ্গ নিবারণ করিবেক এবং কয়েদী ব্যক্তির উদ্ধারহওনের নিবারণ করিবেক।

কিন্তু আমার বোধ হয় না যে গ্রেফ্তার হওয়া ব্যক্তিকে কলিকাতায় লইয়া যাওনের সাহায্য করিতে মাজিষ্ট্রেট সাহেবের লোক দেওনের আবশ্যক আছে।

জেম্‌স উলিয়ম কলবিল।

১৮৪৬। ১৫ মে।

(যথার্থ নকল।)

টি বি সুইনহো।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির উকীল।

১১১৭ নম্বর।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ কাম্‌বেল সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে জানাইতেছি যে গত মাসের ২৯ তারিখের ৮৪ নম্বরী তোমার পত্র এবং তাহার সঙ্গে যে২ লিপি ছিল তাহা প্রাপ্ত হওয়া গিয়াছে এবং তাহার উত্তরস্বরূপ তাহার মধ্যের লিখিত বিষয়ি শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মতের লিখিত নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

এ টর্ণবুল।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৬। ২০ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৯ জুলাই।

শ্রীযুত জে নট সাহেব ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা পাটনায় ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য ১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরে ডেপুটী কালেক্টর হইবেন।

রামমোহন রায়ের মৃত্যুহওয়াতে শ্রীযুত আদিত্যপ্রসাদ ঘোষ মেদিনীপুরের প্রধান সদর আমীন হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৯ জুলাই।

চাটিগাঁর নিমকের একটিং এজেণ্ট শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব আপনার কর্ম্মের ভার চাটিগাঁর নিমকচৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ইন্স সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

জাহাজসম্পর্কীয় বস্তুরক্ষক শ্রীযুত জে ওয়াট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে সাত সপ্তাহের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 4th August,* 1846.]

সারণ ও ত্রিহুতের জরিপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি চাপমান সাহেব আপনার কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত রায় দিগম্বর মিত্রের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে নিযুক্ত ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত নরেন্দ্রকৃষ্ণ বাহাদুর গত মে মাসের ২৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৩১ জুলাই।

রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এ এ সুইণ্টন সাহেবকে বর্ত্তমান মাসের ৮ তারিখে যে পনের দিনের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৫ তারিখ অবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ভূমিবিষয়ক ইশ্তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত সেওয়ায় তৌজীর মহালাত সন ১২৫৩ সালের লাং কিস্তী জ্যৈষ্ঠ মায় বকায়া বাকীর নিমিত্তে সন ১৮৪৬ সালের ১৮ আগষ্ট মোং সন ১২৫৩ সালের ৩ ভাদ্র মঙ্গলবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ধরা যাইবেক ও বিক্রী হইবেক ইতি।

নম্বর শ্রেণী	যে নিয়মে বন্দোবস্ত হয়	নম্বর বাজেআপ্তি	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী লাং জ্যৈষ্ঠ মায় বকায়া	কৈফিয়ৎ
১ নং	কারিমি	৬৯৬	মদনারঘুনাথপুরদিং	রাজা শ্রীশচন্দ্র রায়	১৫০৲	৩৩১ ॥৭	
ঐ	ঐ	৪৩২	জানাপুলি	রামচন্দ্র চৌধুরী	৪ ॥৶১১	১৮ ॥৶৮	
ঐ	ঐ	৬৮০	বেলপুকুরিয়া	শিবচন্দ্র মুখুয্যা	২ ॥/৬॥	৭ ।৶৩।	
২ নং	সরত্তি	২৭১	মেহেরপুর	খেদু দেওয়ান	২২ ॥৶	৪৩ ॥৶৩	
ঐ	ঐ	১০৮০	মছলন্দপুর	রাছতউল্লা	৩৩ ।/৪	১৫ ।/৪	
ঐ	ঐ	৬৩১	গরিবপুর	সদাশিব চৌধুরীদিগর	৯ ।৶৯	৯ ॥৶৫	
ঐ	ঐ	৭১৪	ভটপাড়া বক্শীপুর	ভৈরবচন্দ্র ভট্টাচার্য্যদিং	৮৯৲৯	২৮৬ ॥৶৪	

D. J. MONEY, *Collector.*

এতলানামা কাছারী কালেক্টরি জিলা বাকরগঞ্জ সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজির ১ প্রথম আইনের ৬ ধারার বিধিমতে উক্ত আইনের ৩ ও ৫ ধারার বিষয়ের বাকীপড়া নীচের লিখিত মহালাতের সন ১২৫২ বাঙ্গলার লাং কীস্তি ফাল্গুণের পাওনা বাকী রাজস্ব ও অন্যং দাওয়ার টাকা যে বাকী রাজস্বের ন্যায় আদায়নিমিত্তক উক্ত আইনের ১৬ ধারাক্রমে সন ১৮৪৬ ইং ২৪ জুন মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলার ১১ আষাঢ় রোজ বুধবার এই কাছারিতে পুননীলামে ধরা যাইয়া ডাক দেওয়াতে খরিদারান নিলাম খরিদ করিয়া রীতিমতে বাএনার টাকা দাখিল করিয়াছিলেক পরে নিয়মিত ম্যাদমধ্যে বাকী মূল্য সরকারী খনাগারে দাখিল না করাতে উক্ত আইনের ঐ ১৬ ধারার মর্ম্মানুসারে খরিদদারানের দাখিলি বাএনার টাকা সরকারে জব্দ ও নীচের লিখিত মহালাত পুননীলাম করা আবশ্যক হইয়া উপরউক্ত ৬ ধারাক্রমে এতলানামা দেওয়া যায় যে মহালাত মজকুরান সন ১৮৪৬ ইং ২০ বিশা আবস্ট মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলার ৫ পাঁচই ভাদ্র রোজ বৃহস্পতিবার এই কালেক্টরি কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইং তারিখ ২৭ জুলাই মোতাবেক সন ১২৫৩ সন বাঙ্গলা তারিখ ১৩ শ্রাবণ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতেমহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কীস্তি ফাল্গুণের সন ১২৫২ বাং	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল	১০৫৩	খারিজা পরগনে বাঙ্গরোড়া রামকেশব চক্র তালুক ...	লালচাঁদ সাহা ...	২৵২	২৵২	ষোল আনা মহাল নীলাম বিক্রয় হইবেক।
৬	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয়হওয়া মহাল		খারিজা পরগনে বাঙ্গরোড়া কিং সোনার তালুক রাধাকান্ত বকশী হাং রামদয়াল দাস ...	রামদয়াল দাস ...	১৭ ।৵৭	খারিজা পরগনে খাঞ্জা বাহাদুর নগর চাঁদ গাজি তালুক হিং ॥* আনা মিলকিয়তে রাজা বিবি মতফাজর সরকার এই মহালের সাবেক তহসিলদার উদয়চাঁদ মজুমদার জামিনদার রামদয়াল দাস ও সত্য কিঙ্কর গুপ্ত তহসিলদারের তছরুপী বাকী বাং সন ১২৫২ বাং ২৯৬৸৶	এই হাওলার মধ্যে রামদয়াল দাস জামিনদারের যে হক।

H. Atherton, *Offg. Collector.*

INSOLVENT COURT.

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 25th day of July instant, the matters of the Petition of RICHARD ALEXANDER JAMES ROE, late of the Circular Road, in the twenty-four Pergunnahs, Senior Inspector in the Preventive Service of the East India Company, and now a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next.

The names of the Creditors of the said RICHARD ALEXANDER JAMES ROE, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court to which any Creditors may refer.

JUDGE and BURKINYOUNG,
Attornies for the Insolvent.

Calcutta, 27th July, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of NAPOLEON PELEGRIN, formerly Intendant at the Narainpore Salt Golahs, late of Gooreamah's lane, in Calcutta, a Tide Waiter on the Custom House Wharf, and a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the Seventeenth day of October next.

The names of the Creditors of the said NAPOLEON PELEGRIN, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

EMANUEL PANIOTY,
Insolvent's Attorney.

Calcutta, 31st July, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of GEORGE BENJAMIN SMITH, formerly of Nuncoo Zemadar's lane, and late of Dhurrumtollah Street, in the Town of Calcutta, Gentleman, and now a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next.

যোত্রহীনেরদের আদালত।

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কোম্পানি বাহাদুরের প্রিবেন্টিব সরবিসের প্রধান তত্ত্বাবধারক জিলা চব্বিশপরগনার সরক্যুলর রোডনিবাসি

রিচার্ড আলেকজাণ্ডর জেম্‌স রো সাহেব

এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ২৫ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রিচার্ড আলেকজাণ্ডর জেম্‌স রো সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

জজ ও বর্কিণ্যৎ।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৭ জুলাই।

পূর্ব্বে নারায়ণপুরের নিমক গোলার তত্ত্বাবধারক পরে কলিকাতার গুড়ের মার গলিনিবাসি ও কষ্টম হৌসের পোস্তারক্ষক

নাপোলিয়ন পেলিগ্রিন সাহেব

এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত নাপোলিয়ন পেলিগ্রিন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

ইমানুএল পানিওটি।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৩১ জুলাই।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে শহর কলিকাতার

জার্জ বেঞ্জামিন স্মিথ সাহেব

যিনি পূর্ব্বে ননকু জমাদারের গলিতে এবং তৎপরে শহর কলিকাতার ধর্ম্মতলার ইষ্ট্রিটে বাস করিতেন এবং এক্ষণে শহর কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন ঐ দরখাস্ত শ্রবণের নিমিত্তে আগামি ৫ সেপ্টেম্বর শনিবার দিবস সময় নির্দ্ধারিত হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৪ আগষ্ট।]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 11, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১১ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 19.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. As the 28th of September next, one of the latest dates for the payment of arrears of Revenue under Act I. of 1845, falls within that portion of the Dusserah Vacation commencing with the 25th of September, and ending with the 2nd of October following, during which the offices of the several Collectors will be closed, I am desired by the Sudder Board of Revenue to intimate that the first open day after the expiration of the Holidays, viz. the 3rd of October, should be taken as the latest date of payment in lieu of the 28th of September preceding.

2nd. On the same principle whenever any of the latest dates of payment falls on a Sunday or other close Holiday, the first open day thereafter should be taken to be the latest date.

3rd. You are referred also to the Board's Circular No. 18, dated the 23rd August, 1845. As the Civil Courts will be closed from Thursday the 17th September to Thursday the 22nd of October, the Notification to be affixed in the Court of the Judge of the district should not be issued until the opening of the Courts on Friday the 23rd of October.*

(Signed) G. PLOWDEN,

Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 3rd August, 1846.

* Vide Sect. 6, Act I. 1845.

[*Government Gazette*, 11*th August*, 1846.]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

১৮৪৫ সালের ১ আইনানুসারে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে যে২ শেষ দিবস নিরূপণ আছে তাহার মধ্যে এক দিবস অর্থাৎ আগামি সেপ্টেম্বর মাসের ২৮ তারিখ দশহরার বন্দের দিবসের মধ্যে পড়িবেক ঐ পরব সেপ্টেম্বর মাসের ২৫ তারিখঅবধি অক্টোবর মাসের ২ তারিখপর্য্যন্ত থাকিবেক এবং সেই সকল দিবসে কালেক্টর সাহেবের কাছারী বন্দ হইবেক অতএব সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে জানাইতেছি যে ঐ মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে শেষ দিবস সেপ্টেম্বর মাসের ২৮ তারিখ ধার্য্য না হইয়া বন্দের পরে যে দিবসে কাছারীর কার্য্য পুনর্ব্বার আরম্ভ হয় অর্থাৎ অক্টোবর মাসের ৩ তারিখ ধার্য্য হইবেক।

২। সেই নিয়মানুসারে মালগুজারীর বাকী আদায়ের শেষ দিবস যদি রবিবার কি অন্য কোন পরবের বন্দের দিন হয় তবে তাহার পরে যে প্রথম দিবসে কাছারীর কার্য্য আরম্ভ হয় সেই দিবস মালগুজারী আদায়ের শেষ দিবস ধার্য্য করা যাইবেক।

৩। বোর্ডের ১৮৪৫ সালের ২৩ আগষ্ট তারিখের ১৮ নম্বরী সরক্যুলর অর্ডরের বিষয়ে তোমার প্রতি মনোযোগ করিতে হুকুম হইতেছে। সকল দেওয়ানী আদালত সেপ্টেম্বর মাসের ১৭ তারিখ বৃহস্পতিবার-অবধি অক্টোবর মাসের ২২ তারিখ বৃহস্পতিবার-পর্য্যন্ত বন্দ হইবেক অতএব জিলার জজ সাহেবের কাছারীতে যে এত্তেলা লট্‌কাইতে হয় সেই এত্তেলা ঐ সকল আদালত খোলা যাওনের দিন অর্থাৎ অক্টোবর মাসের ২৩ তারিখ শুক্রবারের পূর্ব্বে পাঠান উচিত নহে।* জি প্লোডন। একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৩ আগষ্ট।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

* ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারা দেখ।

১৮৪৬ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফর্দ্দ বৎসরে২ বিদ্যাধ্যাপনের কৌন্সেলে দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহান নীচের লিখিত তারিখে ও ঘন্টায় টৌনহালে হইবেক।

তারিখ।	বিষয়।	
সেপ্টেম্বর	প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৬ বুধবার	সাধারণ শাস্ত্র বিদ্যা	ইঙ্গরেজী ব্যাকরণ।
১৭ বৃহস্পতিবার	পুরাবৃত্ত	পুরাবৃত্ত।
১৮ শুক্রবার	ক্ষেত্র পরিমাপক বিদ্যা	ক্ষেত্র পরিমাপক বিদ্যা।
১৯ শনিবার	পদার্থ বিদ্যা	গোলাধ্যায়।
২১ সোমবার—	ইঙ্গরেজী এসে	অনুবাদ।
২২ মঙ্গলবার	বাঙ্গলা এসে	পাঠ।

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্নে ঠিক দশ ঘন্টার সময়ে আরম্ভ হইয়া পাঁচ ঘন্টার সময়ে শেষ হইবেক ঐ সময়ে সকল উত্তর দাখিল করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপন২ স্থানে বৈশনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এইহেতুক তাহারদিগকে নিরূপিত সময়ের পোআ ঘন্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যে২ সাহেবের নামের পার্শ্বে যে২ বিষয় লেখা আছে ঐ সাহেবেরা সেই২ বিষয়ের কাগজ অবিকল বৃত্তির নূতন নিয়মানুসারে প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি।

প্রধান।

ইঙ্গরেজী এসে.....	শ্রীযুত সর হরবর্ট মাডক সাহেব।
শাস্ত্রবিদ্যা	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়েট সাহেব।
পদার্থ বিদ্যা	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত পাদরি এফ ফিসর সাহেব।
বাঙ্গলা ভাষার এসে কিম্বা	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা।
কর্ম্মাকাঙ্ক্ষি চাহিলে লাটিন ভাষার এসে	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।

দ্বিতীয় বৃত্তি।

ইঙ্গরেজী ব্যাকরণ ...	শ্রীযুত দি বীডন সাহেব।
গোলাধ্যায়	শ্রীযুত ই এ সামুয়েল্স সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত বি জে কলবিন সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
অনুবাদ	শ্রীযুত কাপ্তান জি টি মার্স্যাল সাহেব।

সংস্কৃত বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় (সকল বিষয়ে)	শ্রীযুত কাপ্তান জি টি মার্স্যাল সাহেব।

আরবী বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় ...	শ্রীযুত লেপ্টেনেন্ট কর্ণেল রাইলি সাহেব।

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্তের যে২ বিষয় ইমতিহানের নিমিত্তে ১৮৪৫ সালের আগষ্ট মাসে মনোনীত হইয়াছিল তাহা নীচে লেখা যাইতেছে। বর্ত্তমান বৎসরের ইমতিহানের সকল কাগজ তাহাহইতে প্রস্তুত হইবেক।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।

বেকনের নোবম অর্গেনম ও জনসনের রামলর ও রাসিলাস।

পদ্য।

মিলটনের "পারাডৈস লষ্ট" ও কৌপরের কাব্যের যে২ ভাগ রিচার্ডসন সাহেবের সিলেকস্যন পুস্তকের মধ্যে অর্পণ আছে তাহা। সেক্সপিয়রের নাটকের দ্বিতীয় রিচার্ড রাজার এবং চতুর্থ হেনরি রাজার প্রথম ও দ্বিতীয় ভাগ।

পুরাবৃত্ত।

ইঙ্গলণ্ড।

রাজমতান্তর কালাবধি বর্ত্তমান কালপর্য্যন্ত।

গ্রিস।

আদি বিবরণাবধি পিলোপেনিস্যন যুদ্ধপর্য্যন্ত (মিটফর্ড ও থর্লওয়াল সাহেবের গ্রন্থ)।

ভারতবর্ষ।

ওয়ারণ হেষ্টিংস সাহেবের আমলের আরম্ভঅবধি লার্ড কর্ণওয়ালিসের আমলের শেষপর্য্যন্ত রাজস্বসম্পর্কীয় ফলের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া মিল সাহেবের ব্রিটিস ইণ্ডিয়ার বিবরণের ৫ এবং ৬ গ্রন্থ। তাহার সঙ্গে বৌটস সাহেবের রাজস্বের মূল নিয়ম গ্রন্থ অধ্যয়ন হইবেক।

৪। এই পরীক্ষা পূর্ব্বাপেক্ষা অতিশয় গুরুতর হইয়াছে এবং পূর্ব্ববৎ কেবল গবর্ণমেন্টের কালেজের ছাত্রেরা এ বিষয়ে প্রতিযোগী নহে অতএব পরীক্ষার ফল সম্পূর্ণরূপে ও যথার্থমতে ও বিনাপক্ষপাতে রিপোর্ট হয় এই বিষয়ে সাধারণ লোকের এবং গবর্ণমেন্টের অতিহৃদ্বোধ করণ আবশ্যক বিধায় নীচের লিখিত সাহেবেরা ছাত্রেরদের উত্তরের পরীক্ষা করিবেন।

শাস্ত্রবিদ্যা	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়েট সাহেব।
ক্ষেত্র পরিমাপক ও পদার্থ বিদ্যা	শ্রীযুত এ ডবলিউ কৃষ্টফর সাহেব।
লাটিন এসে	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
ইঙ্গরেজী এসে ...	শ্রীযুত জে ডবলিউ কলবিল সাহেব।
বাঙ্গলা এসে	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা টৌন হালে এই পরীক্ষার কার্য্যের তত্ত্বাবধারণ করিবেন এবং সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত হালিডে সাহেব ও শ্রীযুত ইয়ং সাহেব তাঁহারদের সাহায্য করিবেন বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী শ্রীযুত সি বীডন সাহেব পরীক্ষার কাল ব্যাপিয়া তথায় উপস্থিত হইবেন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের শ্রীযুত সেক্রেটারী সাহেব হুগলীতে মহম্মদ মসিমের কালেজের সকল পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন।

৫। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে কর্ম্মাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেন্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের নীচের লিখিত বিধান সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হইতেছে।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেন্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয়

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১১ আগষ্ট।]

সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। কর্ম্মাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে সুদ্বোধজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থ ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তি ভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল কর্ম্মাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিনবারের অধিক ইমতিহান দিতে পারিবেক না এবং সেই প্রত্যেকবারের পূর্ব্বে তাহার উক্ত ফিস দিতে হইবেক।

৭। যে কর্ম্মাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৮। গবর্ণমেণ্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল কর্ম্মাকাঙ্ক্ষী স্পষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত কর্ম্ম পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

৯। ইমতিহানের এই২ নিয়ম হইবেক এবং প্রথম ইঙ্গরেজী বৃত্তির যে হার ২ বিধিতে লেখা আছে তাহা এই।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথক২ হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্ত্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের এক প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেকপর্য্যন্ত যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তিভোগির তুল্য জ্ঞান হইতে পারিবেক না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রেরদের প্রধান বৃত্তি প্রাপণার্থে এই২ বিদ্যাতে নিপুণহওনের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। পদাকাঙ্ক্ষি ব্যক্তির ইঙ্গরেজী ভাষাতে উপযুক্তমতে এসে অর্থাৎ রচনা করিতে হইবেক।

পুরাবৃত্তের বিবরণ।—সাধারণ পুরাবৃত্তের প্রধান২ বিষয় তাহার জানিতে হইবেক এবং গ্রিক দেশ ও রুম ও ভারতবর্ষ ও ইঙ্গলণ্ড ও ইদানীন্তন ইউরোপের নব্য ইতিহাসের বিশেষ জ্ঞাত থাকিতে হইবেক প্রত্যেক বার্ষিক ইমতিহানে পুরাবৃত্তের শ্রেণীর বিষয়ে যে পরীক্ষা হইবেক তাহা পূর্ব্ব বৎসরে বা ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতকরা গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যায় পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার "অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের ২১ প্রস্তাব এবং হাইণ্ড ও স্নোবল ও উডহৌসের রচিত প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকস্যন্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দ্রববস্তুর নিরূপক ও বায়ুনিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিবি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে বুঝিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং কর্ম্মণ্য বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রকাশিত গ্রন্থের মধ্যে ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় এসে। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

৬। এই সকল রিপোর্ট পাইলে পর যত শীঘ্র সাধ্য সর্ব্ব সাধারণ লোককে জানাইবার ও বিতরণ হইবার নি-

* ব্রিঙ্কলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হিউএল সাহেবের পুস্তক ও দ্রববস্তুনিরূপক বিদ্যাবিষয়ে উএবস্টর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে ফেল সাহেবের পুস্তক এবং বায়ুনিরূপক বিদ্যা বিষয়ে কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

[*Government Gazette*, 11*th August*, 1846.]

মিত্তে বৃত্তিবিষয়ক প্রশ্ন এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্ত বিষয়ক সর্ব্বাপেক্ষা অত্যুত্তম উত্তর ও অত্যুত্তম এসে ছাপা হইবেক।

গবর্ণমেণ্টের কালেজ ভিন্ন অন্যান্য স্থানের বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের অতিউত্তম২ উত্তরও ছাপা হইবেক।

প্রত্যেক বিষয়েতে যে২ উত্তর দেওয়া যায় তাহা অনায়াসে শ্রেণীপূর্ব্বক সাজান যায় ও পরীক্ষা করা যায় এই অভিপ্রায়ে সকল বৃত্ত্যাকাঙ্ক্ষির প্রতি হুকুম হইতেছে যে কাগজের কেবল এক দিগে আপন২ উত্তর লেখেন এবং এক ফর্দ্দ কাগজে এক জিজ্ঞাসার অধিক উত্তর না লেখেন।

উক্ত বিধানক্রমে যে২ উত্তর লেখা না যায় তাহা অগ্রাহ্য হইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট ও কৌন্সেলের হুকুমক্রমে। এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ২০ জুলাই।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা যশর।

জানান যায় যে শহর কলিকাতা ইত্যাদিনিবাসি কোন২ ভূম্যধিকারিরা আপন২ ভূম্যাদির রাজস্ব স্বস্ব মোক্তারের দ্বারা দাখিল করণ ব্যতিরেকে তাহার বেল্ল নোট ও কোম্পানির কাগজ লেফাফা মধ্যে বন্দ করিয়া কালেক্টর সাহেবের বরাবর প্রেরণ করিয়া থাকে এ অতিঅন্যায় ও রীতির বিপরীত অতএব এস্তেহার দেওয়া যাইতেছে যে আগামি কালে কেহ রাজস্বের কোন টাকা উপরোক্ত প্রকারে নোটাদি দ্বারা প্রেরণ না করে যদি করে তবে তাহা পঁহুছার কোন ব্যতিক্রম হইয়া সময় শিরে খাজানাতে জমা না হওয়া জন্য কোন ভূমি নীলাম হইলে কালেক্টর সাহেব তাহাতে দায়ী ও দোষী হইবেন না ও তজ্জন্য কেহ কোন দাওয়া করিতে পারিবেন না এবং পারিলেও গ্রাহ্য হইবেক না ইতি সন ১৮৪৬ সাল তারিখ ৩০ জুলাই। R. HAMPTON, *Offg. Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the Petition of BENJAMIN RICHARDS, an Insolvent.

NOTICE is hereby given, that by an order of this Court, made in the above matter on and bearing date the fourth day of August instant, it was ordered that personal service of notice of the day appointed for hearing the matters of the Petition of the said Insolvent filed on the seventeenth day of June last, is dispensed with, in respect to all the former Creditors of the said Insolvent, whose names are inserted in the Schedule of the said Insolvent filed in the Office of the Chief Clerk of the said Court, on the twenty-ninth day of June last, and further notice is given that Saturday, the fifth day of September next, is the day appointed for the hearing of the matters of the said Petition of the said Insolvent. W. H. OWEN,
Attorney for the said Insolvent.

Calcutta, 4th August, 1846.

In the matter of DAVID CLARK, an Insolvent.

NOTICE is hereby given, that pursuant to an order of the Insolvent Court, bearing date the 1st day of August instant, the Schedule filed by the said Insolvent has been amended and can be referred to by any Creditor in the Office of the Chief Clerk of the said Court. SHAW and LYONS,
Insolvent's Attornies.

Calcutta, 8th August, 1846.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন।
বেঞ্জামিন রিচার্ডস সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখে উক্ত আদালতের হুকুম হইয়াছিল যে গত জুন মাসের ২৯ তারিখে উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় উক্ত যোত্রহীনের যে তফসীল দাখিল হইয়াছে তাহার মধ্যে পূর্ব্বকার যে সকল মহাজনেরদের নাম লেখা যায় তাহারদিগকে গত জুন মাসের ১৭ তারিখে দাখিলহওয়া উক্ত যোত্রহীনের দরখাস্তের শুননির নিরূপিত দিবসের বিষয়ে এত্তেলা দেওয়া না যায়। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে উক্ত যোত্রহীনের উক্ত দরখাস্তের মর্ম্ম শুনা যাইবেক।

ডবলিউ এচ ওএন।
উক্ত যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৪ আগষ্ট।

যোত্রহীন
ডেবিড ক্লার্ক সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখের যোত্রহীন আদালতের হুকুমানুসারে উক্ত যোত্রহীন যে তফসীল দাখিল করেন তাহা শুধরাইয়াছেন উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় মহাজনেরা সেই তফসীল দেখিতে পারেন।

শা এবং লায়ন্স।
উক্ত যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৮ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

রিসিবর আফিস।

জয়চন্দ্র পালচৌধুরী বাদী
কৃষ্ণকিশোর নেউগী দিগর প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে তালুকাতের ইজারের ডাক অদ্য তারিখে না হইয়া আগামি ১২ আগষ্ট বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় হইবেক।

রিসিবর আফিস ৮ আগষ্ট ১৮৪৬ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১১ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কালমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 18, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১৮ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 20.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. As a diversity of opinion appears to prevail in regard to the application of Para. 5 of the orders of Government, (162,) dated the 4th March last, communicated to you with the Circular (No. 9,) issued from this office on the 24th idem; I am directed by the Sudder Board of Revenue to explain that the orders in question relate only to Lakhiraj suits and not also to Chur cases. They do not, however, include Government Lakhiraj suits under Section 30, Regulation II. of 1819, which are for rent not Revenue.

2nd. With respect to Chur cases you are referred to the Board's Circular of the 2nd of January last No. 1.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 23rd July, 1846.

NOTICE.

As the 28th of September next, one of the latest dates for the payment of arrears of Revenue under Act I. of 1845, falls within that portion of the Dusserah Vacation, commencing with the 25th of September, and ending with the 2nd of October following, during which the Offices of the several Collectors will be closed, notice is hereby given, that the first open day after the expiration of the holidays, viz. the 3rd of October next, will be taken

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

১। গত ৪ মার্চ তারিখের গবর্ণমেণ্টের ১৬২ নম্বরী যে হুকুম ঐ মাসের ২৪ তারিখে এই দফ্তরহইতে প্রেরিত ৯ নম্বরী সরক্যুলর অর্ডরের সঙ্গে তোমাকে জানান গিয়াছিল সেই হুকুমের ৫ দফা খাটাইবার বিষয়ে বিবিধ মত হওয়াতে সদর বোর্ডের আজ্ঞাক্রমে তোমাকে স্পষ্ট করিয়া জানাইতেছি যে ঐ হুকুম কেবল লাখরাজের মোকদ্দমার বিষয়ে খাটে চরের মোকদ্দমার বিষয়ে খাটে না। ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার মোকদ্দমা খাজানার বিষয়ে এবং সরকারী করের বিষয়ে নয় অতএব সেই প্রকার সরকারী লাখরাজের মোকদ্দমার সঙ্গে ঐ হুকুমের সম্পর্ক নাই।

২। চরের মোকদ্দমার বিষয়ে গত ২ জানুআরি তারিখের সরক্যুলর অর্ডরের ১ নম্বর দেখ।

জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২৩ জুলাই।

বিজ্ঞাপন।

১৮৪৫ সালের ১ আইনক্রমে মালগুজারীর বাকী টাকা দেওনের নিমিত্তে যে২ শেষ দিবস নিরূপণ আছে তাহার মধ্যে এক দিবস আগামি ২৮ সেপ্টেম্বর নির্দ্দিষ্ট হইয়াছে। কিন্তু দশহরার যে ছুটী ২৫ সেপ্টেম্বর তারিখে আরম্ভ হইয়া ২ অক্টোবর তারিখে শেষ হয় তাহার মধ্যে ঐ দিবস পড়ে এবং কালেক্টর সাহেবের নানা কাছারী সেই সময়ে বন্দ থাকিবেক অতএব সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ পরব শেষ হওনের পর যে প্রথম দিবসে কার্য্য আরম্ভ হইবেক অর্থাৎ আগামি অক্টোবর মাসের ৩ তারিখ সেই তারিখ ২৮ সেপ্টেম্বর তারিখের পরিবর্ত্তে

to be the latest date of payment in lieu of the 28th of September preceding.

By order of the Sudder Board of Revenue.

G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 10th August, 1846.

মালগুজারীর বাকী টাকা দেওনের শেষ দিবস জ্ঞান হইবেক।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

জি প্লোডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৬। ১০ আগষ্ট।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

27th January, 1846.—Objections to a coming sale in satisfaction of a decree, alleging possession on the part of the objector, must be enquired into before the sale can take place.

Musst. Hur Soondree Goopteea—Petitioner.

This was an appeal against an order of the Principal Sudder Ameen of Beerbhoom, dated 15th August, 1845.

Benode Ram Sein, &c., in execution of a decree against Mun Mohunee Goopteea, had attached 7½ Annas of lot Malta as the defendant's property, which the petitioner stated to be in her possession. The Principal Sudder Ameen, however, directed its sale, considering the petitioner to be equally a debtor under the decree with Mun Mohunee Goopteea. This order was reversed on appeal, because the petitioner was not a party to the decree, which therefore could not be enforced against* her. The Principal Sudder Ameen was also instructed to take evidence as to the petitioner being in possession of the property claimed by her, and to release it should such prove to be the fact. In reply, it was reported to the Court, that the sale had taken place before the receipt of their orders. The sale was, nevertheless summarily reversed by the Court (present Mr. Reid,) on account of the omission to enquire previously into the petitioner's alleged possession of the property sold. The proceeds of sale, which had already been paid to several parties holding decrees against Mun Mohunee Goopteea, were also directed to be recovered for restoration to the purchaser, and an investigation into the fact of petitioner's possession was ordered.

10th February, 1846.—Illegal collections cannot be taken into account in the adjustment of mesne profits.

Radha Mohun Ghose Chowdry—Petitioner.

This was an appeal from the order of the Judge of Jessore, dated 12th August, 1845, altering, on appeal by the defendant, that of the Principal Sudder Ameen of the district, which awarded to the petitioner the sum of Co.'s Rs. 3307-4-3-1,

* See case of Dilawur Allee Khan and another petitioner's, reported 15th March, 1842.

Vol. I. Part 2, page 25.

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৬ সাল ২৭ জানুআরি।

ডিক্রী জারীক্রমে নীলামের হুকুম হইলে যদি ওজরদার কহে যে সেই সম্পত্তি আমার দখলে আছে তবে ঐ ওজর নীলামহওনের পূর্ব্বে তদারক করিতে হইবেক।

মসম্মাৎ হরসুন্দরী গুপ্তীয়া দরখাস্তকারিণী।

এই আপীল ১৮৪৫ সালের ১৫ আগষ্ট তারিখে বীরভূমের প্রধান সদর আমীনের হুকুমের উপর হয়।

বিনোদরাম সেনপ্রভৃতি মনমোহিনী গুপ্তীয়ার বিরুদ্ধে ডিক্রী জারী করণেতে লাট মালতার সাড়ে সাত আনা অংশ আসামীর সম্পত্তি বলিয়া ক্রোক করেন্ দরখাস্তকারিণী কহিল যে সেই সম্পত্তি আমার দখলে আছে। কিন্তু প্রধান সদর আমীন ঐ ডিক্রীক্রমে দরখাস্তকারিণীকে মনমোহিনী গুপ্তীয়ার তুল্য দায়ী জ্ঞান করিয়া নীলাম নির্ব্বাহ করিতে হুকুম দিলেন। তাঁহার ঐ হুকুম আপীলক্রমে অন্যথা হইল কেননা দরখাস্তকারিণী সেই ডিক্রীরসম্পর্কীয় ছিল না এইপ্রযুক্ত ঐ ডিক্রী তাহার প্রতিকূলে * জারী হইতে পারে না। প্রধান সদর আমীনের প্রতি আরো হুকুম হইল যে দরখাস্তকারিণী যে সম্পত্তির দাওয়া করে তাহা তাহার দখলে আছে কি না এই বিষয়ের তুমি সাক্ষ্য লও এবং যদি তাহা সত্য হয় তবে সেই সম্পত্তি খালাস কর। তাহাতে প্রধান সদর আমীন আদালতে এই রিপোর্ট করিলেন যে তোমারদের হুকুম পঁহুছনের পূর্ব্বে সম্পত্তি নীলাম হইয়া গিয়াছিল। তথাপি সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব ঐ নীলাম সরাসরীরূপে অন্যথা করিলেন কেননা বিক্রীত সম্পত্তি আমার দখলে আছে বলিয়া দরখাস্তকারিণী যে ওজর করিল সেই ওজর নীলামের পূর্ব্বে তদারক হয় নাই। এবং নীলামের উৎপন্ন যে টাকা মনমোহিনী গুপ্তীয়ার বিরুদ্ধে ডিক্রীপ্রাপ্ত নানা ব্যক্তিকে ইহার পূর্ব্বে দেওয়া গিয়াছিল সেই টাকা ফিরিয়া লইয়া খরীদারকে দিতে হুকুম হইল এবং দরখাস্তকারিণীর দখল থাকনের বিষয়ে তজবীজ করিতে হুকুম হইল।

১৮৪৬ সাল ১০ ফেব্রুআরি।

ওয়াসিলাতের হিসাব নিষ্পত্তি করণ সময়ে বেআইনীরূপে আদায়হওয়া টাকা হিসাবে ধরা যাইতে পারে না।

রাধামোহন ঘোষ চৌধুরী দরখাস্তকারী।

প্রাণনাথ চৌধুরীর বিরুদ্ধে দরখাস্তকারী ডিক্রী পাইয়াছিল ঐ ডিক্রী জারীক্রমে যশোহরের প্রধান সদর আমীন দরখাস্তকারিকে ৩৩০৭।৩।০ টাকা ওয়াসিলাৎ এবং তাহার উপর সুদ বলিয়া হুকুম করিয়াছিলেন। তাহাতে আসামী জজ সাহেবের নিকটে আপীল করিল এবং জজ

* দিলাবর আলী খাঁ এবং অন্য দরখাস্তকারির মোকদ্দমা দেখ তাহার রিপোর্ট ১৮৪২ সালের ১৫ মার্চ তারিখে হয় ১ বালম ২ ভাগ ২৫ পৃষ্ঠা।

mesne profits and interest thereupon, in execution of a decree obtained by him against Prannath Chowdry.

This suit had been for the recovery of possession of a Haut, and of mesne profits during dispossession.

The Zillah Judge was of opinion that the petitioner was not entitled, under Section 5, Regulation XXVII. 1793, to collect any duties or taxes, but only the rent of the land upon which the Haut was held. The amount due on this item amounted, in his estimation, to Co.'s Rs. 42-2-2-0, which he awarded to the petitioner.

From this order the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Reid,) "I concur with the Judge that only rent can be allowed, and that duties and taxes being prohibited, the petitioner, although he should prove that the party in possession collected them, cannot recover them."

Petition rejected.

28th February, 1846.—Promissory Notes may be attached under Section 5, Regulation II. 1806, when found in the name of the defendant in the action, or endorsed to him or her.

Judoonath Sandyal—Petitioner.

This was an appeal from the order of the Principal Sudder Ameen of 24-Pergunnahs, dated 26th September, 1845, refusing to attach Co.'s Rs. 7,224-11-5, the interest of Co.'s Rs. 1,65,000 in Promissory Notes, pending the decision of a suit instituted by the petitioner against Kunnuk Munnee Dasseea, Sumboo Mitter, &c. The Principal Sudder Ameen had attached the notes themselves, but had refused, for special reasons recorded by him, to attach the interest. Kunnuk Munnee Dasseea at the same time appealed against the order for attaching the notes.

The case being of a novel character, was referred by Mr. Reid for the judgment of his colleagues, when both the orders objected to, were considered.

The Court (Messrs. Tucker, Reid and Barlow) "held that Promissory Notes were the property of the party in whose hands they were, and in whose name they were endorsed. As, however, they were not always in deposit in the General Treasury, but only presented for the purpose of drawing the interest due on them, or for the recovery of the principal on the expiry of the loan, the private transfer to another party could not be barred. The attachment of the notes specified in the application of Judoonath Sandyal might take place, if presented at the General Treasury in the name of the defendant. But, if endorsed to another party, no attachment could be made. Their attachment in such manner was therefore directed."

"The Court saw no reason to interfere with the

সাহেব ১৮৪৫ সালের ১২ আগষ্ট তারিখে প্রধান সদর আমীনের হুকুম অন্যথা করিলেন। এবং জজ সাহেবের হুকুমের উপর এই আপীল সদরে হইল।

এই মোকদ্দমা এক হাটের দখল পুনঃপাইবার নিমিত্তে এবং বেদখলের সময়ের যে ওয়াসিলাৎ হইয়াছিল তাহা পাইবার নিমিত্তে উপস্থিত হয়।

জিলার জজ সাহেবের মত হইল যে ১৭৯৩ সালের ২৭ আইনের ৫ ধারানুসারে দরখাস্তকারির কোন মাসুল অথবা টাক্স আদায় করিবার অধিকার নাই যে ভূমিতে হাট বসান আছে সেই ভূমির কেবল খাজানার দাওয়া করিতে পারে। জজ সাহেবের বোধে এই বাবতে ৪২৵২ প্রাপ্য ছিল এবং তিনি কেবল তত টাকা দরখাস্তকারির পক্ষে ডিক্রী করিলেন।

দরখাস্তকারী এই হুকুমের উপর সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব এই ফয়সলা করিলেন যে জজ সাহেবের মতের সঙ্গে আমার ঐক্য আছে কেবল ভূমির খাজানা দিতে হুকুম হইবেক মাসুল এবং টাক্স লইতে আইনে নিষেধ আছে অতএব দরখাস্তকারী যদ্যপি এইমত প্রমাণ দিতে পারে যে দখীলকার ব্যক্তি সেই মাসুলপ্রভৃতি আদায় করিয়াছিল তথাপি সেই ব্যক্তি তাহা ফিরিয়া পাইতে পারে না।

দরখাস্ত হেয় হইল।

যদি প্রোমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ মোকদ্দমার আসামীর নামে পাওয়া যায় অথবা আসামীর নামে পৃষ্ঠে দস্তখৎ হইয়া থাকে তবে ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারাক্রমে তাহা ক্রোক হইতে পারে।

যদুনাথ সান্যাল দরখাস্তকারী।

কনকমণি দাসী ও শম্ভু মিত্রপ্রভৃতির নামে দরখাস্তকারী নালিশ করিয়াছিল সেই মোকদ্দমা উপস্থিত থাকিতে চব্বিশপরগনার প্রধান সদর আমীন ১৮৪৫ সালের ২৬ সেপ্টেম্বর তারিখে ১,৬৫,০০০৲ টাকার কোম্পানির কাগজের সুদ ৭২২৪ ৷৷৵৫ ক্রোক করিতে অস্বীকার করিলেন। ঐ প্রধান সদর আমীনের হুকুমের উপর এই আপীল হয়। প্রধান সদর আমীন আসল নোট অর্থাৎ কোম্পানির কাগজ ক্রোক করিয়াছিলেন কিন্তু বিশেষ কারণপ্রযুক্ত সুদ ক্রোক করিতে স্বীকার করিলেন না সেই বিশেষ কারণ তিনি লিখিলেন। সেই সময়ে কনকমণি দাসী আসল নোট ক্রোক করণের হুকুমের উপরও আপীল করিল।

ইহা নূতন প্রকার মোকদ্দমা দেখিয়া শ্রীযুত রীড সাহেব তাঁহার সহকারি অন্যান্য জজ সাহেবের বিবেচনার নিমিত্তে তাঁহারদের নিকটে অর্পণ করিলেন এবং যে দুই হুকুমের বিষয়ে ওজর হইয়াছিল তাহার বিবেচনা হইল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত রীড সাহেব এবং শ্রীযুত বার্লো সাহেব এই বিধান করিলেন যে "প্রোমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ যে ব্যক্তির হাতে থাকে এবং যে ব্যক্তির নাম পৃষ্ঠে দস্তখৎ হয় তাহারি সম্পত্তি। কিন্তু ঐ নোট সর্ব্বদা জেনরল ত্রেজুরীতে আমানৎ থাকে না কেবল তাহার প্রাপ্য সুদ বাহির করিবার নিমিত্তে অথবা কর্জের মিয়াদ শেষ হইলে আসল টাকা পাইবার নিমিত্তে জেনরল ত্রেজুরীতে প্রেরিত হয়। অতএব আপোসে ঐ কোম্পানির কাগজ হস্তান্তর করা নিবারণ হইতে পারে না। যদুনাথ সান্যালের দরখাস্তে যে২ নোট নির্দ্দিষ্ট আছে তাহা যদি আসামীর নামে জেনরল ত্রেজুরীতে প্রেরিত হয় তবে তাহা ক্রোক হইতে পারে। কিন্তু যদি তাহার পৃষ্ঠে অন্য ব্যক্তির নাম দস্তখৎ হইয়া থাকে তবে তাহা ক্রোক হইতে পারে না। অতএব সেইরূপে ঐ নোট ক্রোকক্ষরণের হুকুম হইল।

তাহাতে সুদ ক্রোক না করণের বিষয়ে প্রধান সদর

order of the Principal Sudder Ameen for the non-attachment of the interest."

Ordered accordingly.

2d March, 1846.—The failure of the first purchaser at a sale in execution of a decree, to make good the purchase money, does not relieve the original debtor from his liabilities.

Baboo Beer Sing—Petitioner.

This was an appeal from an order of the Principal Sudder Ameen of West Burdwan, dated 20th November, 1845, rejecting the petitioner's application to have the sale of his property, about to take place in satisfaction of a decree of Court, stayed.

Execution had been taken out by one Muddoo Soodun Bhoosun, for Co.'s Rs. 10,309-10-19; and a tank, called "Talo Talab," the property of the petitioner, was sold, on the 17th September, 1843, for Co.'s Rs. 9,002-2-2-3-0, to Sonatun Chowdry, who paid Co.'s Rs. 900-3-0 as deposit money, at the rate of 10 per cent., but failed to pay up the remainder of the purchase money. The sale not being completed, the property was resold for the sum of 105 Rupees, in addition to which 56 Rupees were recovered from the property of Sonatun Chowdry, in conformity with Rule 2, Circular Order No. 219, dated 12th August, 1842. The petitioner, however, claimed to have levied from Sonatun Chowdry, the full amount difference between the sum bid by him at the first sale, and the amount paid in by and realized from him, and objected to the further sale of his own property in satisfaction of the decree. On rejection of his application, he appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Reid), "It is evident that Sonatun Chowdry was a fraudulent representative of the petitioner, who cannot, therefore, be relieved from liability. Even, however, had there been no fraud, the default of the first purchaser in not paying up the purchase money, cannot be allowed to relieve the original debtor."

Petition rejected.

3d March, 1846.—The accruing interest, the payment of which may be imposed under Construction 1010, on any claimant whose objections are evidently collusive and litigious, or vexatious and unfounded, should be calculated upon the amount thereby affected, and not upon the whole amount of the Decree.

Rai Sreekishen—Petitioner.

The Principal Sudder Ameen of Patna, on the 22d August, 1845, in execution of a decree obtained by Rai Hurree Kishen, *versus* Lalla Chutternarain, ordered the petitioner and Soomree Lall to pay interest on the entire amount decreed, in consequence of the sale of certain property having been postponed, pending the consideration of objections offered by them.

On appeal to the Sudder Dewanny Adawlut, the Court (present Mr. Reid) "held the order of the Principal Sudder Ameen to be clearly wrong; for

আমীন যে হুকুম দিয়াছিলেন তাহার অন্যথা করিতে সদর আদালতের জজ সাহেবেরদের উচিত বোধ হইল না। এবং সেইরূপে হুকুম হইল।

১৮৪৬ সাল ২ মার্চ।

ডিক্রী জারীক্রমে যে নীলাম হয় তাহাতে প্রথম খরীদার খরীদের টাকা দিতে ত্রুটি করিলে আসল খাতক আপন দায়হইতে মুক্ত হয় না।

বাবু বীরসিংহ দরখাস্তকারী।

আদালতের ডিক্রী জারীক্রমে দরখাস্তকারির সম্পত্তি নীলাম করণে উদ্যত হওয়া গেল তাহাতে দরখাস্তকারী ঐ নীলাম রহিত করিতে দরখাস্ত দিল এবং পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন ১৮৪৫ সালের ২০ নবেম্বর তারিখে সেই দরখাস্ত অগ্রাহ্য করিলেন। প্রধান সদর আমীনের সেই হুকুমের উপর এক্ষণে এই আপীল হইল।

মধুসূদন ভূষণ নামে এক ব্যক্তি ১০,৩০৯ ৷৷৵১৯ গণ্ডার নিমিত্তে ডিক্রী জারী করিল এবং দরখাস্তকারির সম্পত্তি তালোতালাও নামে এক পুষ্করিণী ১৮৪৩ সালের ১৭ সেপ্টেম্বর তারিখে সনাতন চৌধুরীর নিকটে ৯০০২৵২৸ কোম্পানির টাকায় বিক্রয় হইল। তাহাতে ঐ চৌধুরী শতকরা ১০৲ টাকার হিসাবে ৯০০৷৴ টাকা আমানৎ করিল কিন্তু খরীদের অবশিষ্ট টাকা দিতে ত্রুটি করিল। এই রূপেতে ঐ নীলাম সম্পূর্ণ না হওয়াতে ঐ সম্পত্তি ১০৫৲ টাকায় পুনর্ব্বার নীলাম হইল তাহা সেওয়ায় ১৮৪২ সালের ১২ আগষ্ট তারিখের ২১৯ নম্বরী সরকুলর অর্ডরের ২ বিধানক্রমে ঐ সনাতন চৌধুরীর সম্পত্তিহইতে আরো ৫৬৲ টাকা আদায় হইল। কিন্তু সনাতন চৌধুরী প্রথম নীলামে যত টাকা ডাকিয়াছিল এবং সেই ব্যক্তি যত টাকা দিয়াছিল এবং তাহার স্থানে যত টাকা পাওয়া গেল ইহা উসুল দিয়া যত কম থাকিল তাহা তাহার স্থানে আদায় করিতে দরখাস্তকারী দাওয়া করিল এবং ডিক্রী জারীক্রমে আপনার সম্পত্তি পুনর্ব্বার নীলামের বিষয়ে ওজর করিল। তাহার এই দরখাস্ত হেয় হওয়াতে সেই ব্যক্তি সদর আদালতে আপীল করিল

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব এই ফয়সলা করিলেন যে সনাতন চৌধুরী চাতুরীরূপে দরখাস্তকারির প্রতিনিধিস্বরূপ উপস্থিত হইল ইহা স্পষ্ট দেখা যাইতেছে অতএব দরখাস্তকারী আপন দায়হইতে মুক্ত হইতে পারে না। কিন্তু যদ্যপি ইহাতে কোন চাতুরী না থাকিত তথাপি প্রথম খরীদার খরীদের টাকা দিতে ত্রুটি করিলে আসল খাতক তৎপ্রযুক্ত আপন দায়হইতে মুক্ত হইতে পারে না।

তাহাতে দরখাস্ত হেয় হইল।

১৮৪৬ সাল ৩ মার্চ।

কোন দাওয়াদারের ওজর যদি স্পষ্টতঃ ফেরেবী এবং জেদপূর্ব্বক অথবা ব্যামোহদায়ক কি অমূলক হয় তবে ১০১০ নম্বরী আইনের অর্থানুসারে তাহার প্রতি যে ক্রমিক সুদ দিবার হুকুম হয় তাহা ডিক্রীর সমুদয় টাকার উপর হিসাব করা যাইবেক না কিন্তু ডিক্রীর যে ভাগের উপর ওজর অর্শে কেবল তাহার সুদ দিতে হইবেক।

রায় শ্রীকৃষ্ণ দরখাস্তকারী।

লালা ছত্রনারায়ণের বিরুদ্ধে রায় হরিকৃষ্ণ যে ডিক্রী পাইয়াছিল তাহা জারীক্রমে পাটনার প্রধান সদর আমীন ১৮৪৫ সালের ২২ আগষ্ট তারিখে দরখাস্তকারী এবং সমরিলালের ওজরের বিবেচনা করণ সময়ে কতক সম্পত্তির নীলাম স্থগিত হওয়াতে ডিক্রীহওয়া সকল টাকার সুদ দিতে দরখাস্তকারি এবং সমরিলালকে হুকুম করিলেন।

তাহাতে সদর দেওয়ানী আদালতে আপীল হওয়াতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব বিধান করিলেন যে "প্রধান সদর আমীনের হুকুমে স্পষ্টতঃ ভ্রম

no case of unfounded and vexatious opposition, so as to bring the case under Construction 1010 had been made out: and it was further ruled, that interest, if claimable at all, could only be demanded in proportion to the amount endamaged by the claim preferred."

Order reversed.

16th March, 1846.—The value of the Principal, includes that of the subordinate right.

Ram Ruttun Rai—Petitioner.

The petitioner, who had instituted a suit against Bykauntnath Rai, and others, to compel them to keep up accountants in the Haut at Bulleeaghutta, whose names should be recorded, and to recover mesne profits and interest, laying his suit at Co.'s Rs. 14,862-9-8, had been non-suited by the Principal Sudder Ameen of 24-Pergunnahs, because he had not estimated the value of the right of having accountants appointed with a list of their names. From this order, which was dated the 9th December, 1845, the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court, present (Mr. Reid), "In such a case the plaintiff is entitled to bring his action at the amount he considers himself endamaged. The value of the right in question is included in it, therefore there is not a sufficient cause for non-suit."

Order reversed.

17th March, 1846.—An action, brought by a husband against his wife for refusing to live with him should be instituted in the Zillah where her home is, and not where the marriage took place.

Ubdool Mujeed—Petitioner.

On 27th July, 1844, Meer Ubdool Kurreem Chowdry instituted a suit in Zillah Dacca against his wife Budderoonissa, Meer Imdad Ullee her father, her mother, and her brothers, of whom the petitioner was one,—in order to oblige his wife to cohabit with him. On 25th February, 1845, the Principal Sudder Ameen non-suited the plaintiff, because the defendant lived in Zillah Backergunge, and the refusal of the wife to go to her husband occurred in Shaistabad in that district, where on the plaintiff sending a boat for her to convey her home she declined joining him. On appeal to the Judge, the order of the Principal Sudder Ameen was reversed, and the case was directed to be restored to the file, because the marriage of the parties had taken place in Dacca.

The petitioner in consequence, appealed to the Sudder Dewanny Adawlut. Mr. Reid "As the refusal of the wife to return to live with the plaintiff which, and not the marriage, is the cause of action took place in Zillah Backergunge, and the defendants reside there, the order of the Judge is reversed, and that of the Principal Sudder Ameen is upheld."

Order accordingly.

(*To be continued.*)

[*Government Gazette, 18th August,* 1846.]

আছে যেহেতুক অমূলক এবং ক্লেশজনক এইমত কোন ওজরের প্রমাণ হয় নাই যে তাহাতে এই মোকদ্দমা ১০১০ নম্বরী আইনের অর্থের মধ্যে পড়ে এবং আরো বিধান হইল যে যদ্যপি সুদের দাওয়া হইতে পারে তথাপি প্রস্তাবিত ওজরের দ্বারা যে বিষয়ের ক্ষতি হইয়াছিল কেবল সেই বিষয় হিসাব করিয়া সুদের দাওয়া হইতে পারে"।

হুকুম অন্যথা হইল।

১৮৪৬ সাল ১৬ মার্চ।

আসল স্বত্বের মূল্যের মধ্যে তাহার অন্তর্গত স্বত্বের মূল্য আছে।

রামরত্ন রায় দরখাস্তকারী।

দরখাস্তকারী বৈকুণ্ঠনাথ রায় এবং অন্যেরদিগের নামে বালিয়াঘাটার হাটে মুহুরীর রাখাওণের এবং তাহারদের নাম রিকার্ড করণের এবং ওয়াসিলাৎ ও সুদ ফিরিয়া পাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলেন। তিনি আপনার মোকদ্দমার মূল্য ১৪,৮৬২ ৷৷৴৮ টাকা ধরিলেন। সেই মোকদ্দমা চব্বিশপরগনার প্রধান সদর আমীন ইহা বলিয়া ননসুট করিলেন যে ফরিয়াদী মুহুরীর রাখণের স্বত্বের মূল্য অনুমান করেন্ নাই এবং তাহারদের নামের ফর্দ্দ দেন্ নাই। এই হুকুম ১৮৪৫ সালের ৯ ডিসেম্বর তারিখে হয় এবং দরখাস্তকারী তাহার উপর সদর দেওয়ানী আদালতে আপীল করেন্।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব হুকুম করিলেন যে এমত মোকদ্দমায় ফরিয়াদী আপনার যত টাকা ক্ষতি হইয়াছে বোধ করে তত টাকার বিষয়ে নালিশ করিতে ক্ষমতা রাখে। নালিশী টাকার সংখ্যার মধ্যে ঐ স্বত্বের মূল্য আছে অতএব ননসুট করণের কোন উপযুক্ত কারণ নাই।

এবং তাহাতে হুকুমের অন্যথা হইল।

১৮৪৬ সাল ১৭ মার্চ।

স্ত্রী আপন স্বামির সঙ্গে থাকিতে অস্বীকার করিলে স্ত্রীর বাটী যে জিলাতে আছে সেই জিলাতে স্বামির মোকদ্দমা করিতে হইবেক যে জিলাতে বিবাহ হইয়াছিল তাহাতে হইবেক না।

আবদুল মজিদ দরখাস্তকারী।

১৮৪৪ সালের ২৭ জুলাই তারিখে মীর আবদুল করিম চৌধুরী জিলা ঢাকায় আপন স্ত্রীকে আপনার সঙ্গে সংসর্গ করাওণের নিমিত্তে আপন স্ত্রী বদরুন্নেছা ও তাহার পিতা মীর ইমদাদ আলী ও তাহার মাতা ও তাহার ভ্রাতারদের নামে মোকদ্দমা করিল ঐ ভ্রাতারদের মধ্যে দরখাস্তকারী এক জন।

১৮৪৫ সালের ২৫ ফেব্রুআরি তারিখে প্রধান সদর আমীন এই বলিয়া ফরিয়াদীকে ননসুট করিলেন যে আসামী জিলা বাকরগঞ্জে বাস করে এবং ফরিয়াদী তথাহইতে আপনার স্ত্রীকে আপন বাটীতে আনিতে নৌকা প্রেরণ করিল তাহাতে স্ত্রী যাইতে অস্বীকার করিল অতএব স্ত্রী আপন স্বামির নিকটে যাইতে যে অস্বীকার করিল সেই অস্বীকার ঐ জিলার অন্তঃপাতি শাইস্তাবাদে হয়। পরে জজ সাহেবের নিকটে আপীল হইলে প্রধান সদর আমীনের হুকুমের অন্যথা হইল এবং ইহা বলিয়া ঐ মোকদ্দমা পুনর্ব্বার নথীর শামিল করিতে হুকুম হইল যে উভয় বিবাদির বিবাহ ঢাকাতে হয়।

তাহাতে দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করিল এবং শ্রীযুত রীড সাহেব এই হুকুম করিলেন যে "বিবাহ মোকদ্দমার কারণ নহে কিন্তু স্ত্রীর ফরিয়াদীর সহিত বাস করিতে অস্বীকার করণের অপরাধ মোকদ্দমার কারণ এবং তাহা জিলা বাকরগঞ্জে হয় এবং আসামীরা সেই জিলায় বাস করে অতএব জজ সাহেবের হুকুমের অন্যথা হইল। প্রধান সদর আমীনের হুকুম বহাল হইল।

এবং তদনুসারে হুকুম হইল।

(ইহার শেষ আগামিতে দেওয়া যাইবেক।)

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল, ৩১ জুলাই।

জিলা ময়মুনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত গোলাম আবেদ জিলা যশোহরের মহম্মদপুরের মুনসেফ হইবেন।

জিলা ময়মুনসিংহের মাদারগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ইসমায়েল ঐ জিলার নেত্রকোণার মুনসেফ হইবেন কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষিরদের আগামি ইমতিহানে যোগ্যতার পত্র প্রাপণের অপেক্ষা থাকিবেক।

১৮৪৬ সাল ৭ আগষ্ট।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ বসু জিলা মুরশিদাবাদে কাঁদির একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ৩১ জুলাই।

পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম চিকিৎসকের সর্টিফিকটক্রমে পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ময়মুনসিংহের বাজিৎপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মনায়িম চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২১ তারিখঅবধি আঠার দিনের ছুটী পাইয়াছেন।

জিলা বীরভূমের ঢেকাবাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব মুখুয্যা চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৪ আগষ্ট।

জিলা নদীয়ার হাঁসখালীর মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৩ আগষ্ট।

কটকের মুনসেফ শ্রীযুত বাবু বেণিনাথ বসু আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৪ আগষ্ট।

জিলা ময়মুনসিংহের বাজিৎপুরের মুনসেফ শ্রীযুত মহম্মদ মনায়িম আপন কর্ম্মস্থান ত্যাগ করিবার তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মুনসিংহের পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিতকে গত মাসের ১৭ তারিখে যে আঠার দিনের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট দুই দিন তাঁহার প্রার্থনা মতে রহিত হইল।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪১৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত ডাক্তর টেলর সাহেব ইউরোপে গমন করাতে শ্রীযুত ডাক্তর টি এ ওয়াইজ সাহেব ঢাকাতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে টি শেব সাহেব জিলা নদীয়াতে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ জিলা যশোহরে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখুয্যা পূরণিয়াতে অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১৮ আগষ্ট।]

ছুটী।

১৮৪৬ সাল ৩১ জুলাই।

পুরীর সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এ বেল সাহেব পীড়াপ্রযুক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৩ আগষ্ট।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব আপন কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেবের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ও ১২ ধারানুসারে চারি মাসের ছুটী পাইয়াছেন।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব আগামি দশহরার বন্দে ও তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ ওসমান আলী বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি ১৩ তারিখপর্য্যন্ত সাত দিনের ছুটী পাইয়াছেন অর্থাৎ সরকারী কর্ম্মোপলক্ষে পাঁচ দিন ও স্বীয় কর্ম্মোপলক্ষে দুই দিন।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব গত জুন মাসের ২০ তারিখে যে ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৫ আগষ্ট।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব গত মাসের ২৫ তারিখে আপন কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেবের প্রাত অর্পণ করিলেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৪৪৯ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত আর এচ রসেল সাহেব পাটনার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত জে ই এস লিলি সাহেব সারণের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ই জাকসন সাহেব সারণের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বেহারের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে জি ডেনহাম সাহেব ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টরও হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ৫ আগষ্ট।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত জে ই এস লিলি সাহেব চিকিৎসকের সর্টিফিটক্রমে সমুদ্রে গমনার্থ ছুটীর জন্যে দরখাস্ত করণের উপলক্ষে শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত জে ডবলিউ টেম্প্লর সাহেব গত মাসের ২২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ মনি সাহেব গত মাসের ১১ তারিখে যে এক মাসের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল গত মাসের ২৫ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

১৮৪৬ সাল ৮ আগষ্ট।

বেহারের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত জে ডবলিউ টেম্প্লর সাহেবকে বর্ত্তমান মাসের ৫ তারিখে যে ছুটী

দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ৩০ তারিখঅবধি রহিত হইল। সেই তারিখে তিনি আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৮ আগষ্ট।

ডেপুটী সরবেয়র জেনরল শ্রীযুত কাপ্তান আর রটন সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ আগষ্ট মাসের ১ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৭৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত এ ডেবিডসন সাহেব শ্রীরামপুরের সদর আমীন ও সদর মুনসেফ হইবেন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

শ্রীযুত জে টি শেব সাহেব ১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরে ডেপুটী কালেক্টর হইবেন। ইহাতে বর্ত্তমান মাসের ৫ তারিখে নদীয়াতে তাঁহার যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নদীয়াতে ডেপুটী কালেক্টর হইবেন। অতএব গত মাসের ২৯ তারিখে যশোহরে তাঁহার যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮৪৬ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফর্দ্দ বৎসরে২ বিদ্যাধ্যাপনের কৌশলে দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহান নীচের লিখিত তারিখে ও ঘন্টায় টৌনহালে হইবেক।

তারিখ।	বিষয়।	
সেপ্টেম্বর	প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৬ বুধবার	সাধারণ শাস্ত্র বিদ্যা	ইঙ্গরেজী ব্যাকরণ।
১৭ বৃহস্পতিবার	পুরাবৃত্ত	পুরাবৃত্ত।
১৮ শুক্রবার	ক্ষেত্রপরিমাপক বিদ্যা	ক্ষেত্র পরিমাপক বিদ্যা।
১৯ শনিবার	পদার্থ বিদ্যা	গোলাধ্যায়।
২১ সোমবার	ইঙ্গরেজী এসে	অনুবাদ।
২২ মঙ্গলবার	বাঙ্গলা এসে	পাঠ।

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্নে ঠিক দশ ঘন্টার সময়ে আরম্ভ হইয়া পাঁচ ঘন্টার সময়ে শেষ হইবেক ঐ সময়ে সকল উত্তর দাখিল করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপন২ স্থানে বৈশনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এইহেতুক তাহারদিগকে নিরূপিত সময়ের পোআ ঘন্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যে২ সাহেবের নামের পার্শ্বে যে২ বিষয় লেখা আছে ঐ সাহেবেরা সেই২ বিষয়ের কাগজ অবিকল বৃত্তির নূতন নিয়মানুসারে প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি।

প্রধান।

ইঙ্গরেজী এসে.....	শ্রীযুত সর হরবর্ট মাডক সাহেব।
শাস্ত্রবিদ্যা	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়ট সাহেব।
পদার্থ বিদ্যা	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত পাদরি এফ ফিসর সাহেব।
বাঙ্গলা ভাষার এসে কিম্বা	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা।
কর্ম্মাকাঙ্ক্ষী চাহিলে লাটিন ভাষার এসে	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।

দ্বিতীয় বৃত্তি।

ইঙ্গরেজী ব্যাকরণ ...	শ্রীযুত সি বীডন সাহেব।
গোলাধ্যায়	শ্রীযুত ই এ সামুয়েলস সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত বি জে কলবিন সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
অনুবাদ	শ্রীযুত কাপ্তান জি টি মার্স্যাল সাহেব।

সংস্কৃত বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় (সকল বিষয়ে)	শ্রীযুত কাপ্তান জি টি মার্স্যাল সাহেব।

আরবী বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় ...	শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল রাইলি সাহেব।

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্তের যে২ বিষয় ইমতিহানের নিমিত্তে ১৮৪৫ সালের আগষ্ট মাসে মনোনীত হইয়াছিল তাহা নীচে লেখা যাইতেছে। বর্ত্তমান বৎসরের ইমতিহানের সকল কাগজ তাহাহইতে প্রস্তুত হইবেক।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।

বেকনের নোবম অর্গেনম ও জনসনের রামব্লর ও রাসিলাস।

পদ্য।

মিলটনের "পারাডৈস লষ্ট" ও কৌপরের কাব্যের যে২ ভাগ রিচার্ডসন সাহেবের সিলেকস্যন পুস্তকের মধ্যে অর্পণ আছে তাহা। সেক্সপিয়রের নাটকের দ্বিতীয় রিচার্ড রাজার এবং চতুর্থ হেনরি রাজার প্রথম ও দ্বিতীয় ভাগ।

পুরাবৃত্ত।

ইঙ্গলণ্ড।

রাজমতান্তর কালাবধি বর্ত্তমান কালপর্য্যন্ত।

গ্রিস।

আদি বিবরণাবধি পিলোপেনিস্যন যুদ্ধপর্য্যন্ত (মিটফর্ড ও থর্লওয়াল সাহেবের গ্রন্থ)।

ভারতবর্ষ।

ওয়ারণ হেষ্টিংস সাহেবের আমলের আরম্ভঅবধি লার্ড কর্ণওয়ালিসের আমলের শেষপর্য্যন্ত রাজস্বসম্পর্কীয় ফলের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া মিল সাহেবের ব্রিটিস ইণ্ডিয়ার বিবরণের ৫ এবং ৬ গ্রন্থ। তাহার সঙ্গে বৌটন সাহেবের রাজস্বের মূল নিয়ম গ্রন্থ অধ্যয়ন হইবেক।

৪। এই পরীক্ষা পূর্ব্বাপেক্ষা অতিশয় গুরুতর হইয়াছে এবং পূর্ব্ববৎ কেবল গবর্ণমেণ্টের কালেজের ছাত্রেরা এ বিষয়ে প্রতিযোগী নহে অতএব পরীক্ষার ফল

[*Government Gazette*, 18*th August*, 1846.]

সম্পূর্ণরূপে ও যথার্থমতে ও বিনাপক্ষপাতে রিপোর্ট হয় এই বিষয়ে সাধারণ লোকের এবং গবর্ণমেন্টের অতি-হৃদ্বোধ করণ আবশ্যক বিধায় নীচের লিখিত সাহেবেরা ছাত্রেরদের উত্তরের পরীক্ষা করিবেন।

শাস্ত্রবিদ্যা	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়েট সাহেব।
ক্ষেত্র পরিমাপক ও পদার্থ বিদ্যা	শ্রীযুত এ ডবলিউ কৃষ্টফর সাহেব।
লাটিন এসে	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
ইঙ্গরেজী এসে ...	শ্রীযুত জে ডবলিউ কলবিল সাহেব।
বাঙ্গলা এসে	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা টৌন হালে এই পরীক্ষার কার্য্যের তত্ত্বাবধারণ করিবেন এবং সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত হালিডে সাহেব ও শ্রীযুত ইয়ং সাহেব তাঁহারদের সাহায্য করিবেন বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী শ্রীযুত সি বীডন সাহেব পরীক্ষার কাল ব্যাপিয়া তথায় উপস্থিত হইবেন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের শ্রীযুত সেক্রেটারী সাহেব হুগলীতে মহম্মদ মসিমের কালেজের সকল পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন।

৫। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে কর্ম্মাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেন্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের নীচের লিখিত বিধান সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হইতেছে।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেন্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। কর্ম্মাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে হৃদ্বোধজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী গবর্ণমেন্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থ ছাত্রেরা বৎসরং২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তি ভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল কর্ম্মাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিনবারের অধিক ইমতিহান দিতে পারিবেক না এবং সেই প্রত্যেকবারের পূর্ব্বে তাহার উক্ত ফিস দিতে হইবেক।

৭। যে কর্ম্মাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৮। গবর্ণমেন্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল কর্ম্মাকাঙ্ক্ষী স্পষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত কর্ম্ম পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

৯। ইমতিহানের এই২ নিয়ম হইবেক এবং প্রথম ইঙ্গরেজী বৃত্তির যে হার ২ বিধিতে লেখা আছে তাহা এই।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথক্২ হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্ত্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের একি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেকপর্য্যন্ত যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তিভোগির তুল্য জ্ঞান হইতে পারিবেক না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রেরদের প্রধান বৃত্তি প্রাপণার্থে এই২ বিদ্যাতে নিপুণহওনের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। পদাকাঙ্ক্ষি ব্যক্তির ইঙ্গরেজী ভাষাতে উপযুক্তমতে এসে অর্থাৎ রচনা করিতে হইবেক।

পুরাবৃত্তের বিবরণ।—সাধারণ পুরাবৃত্তের প্রধান২ বিষয় তাহার জানিতে হইবেক এবং গ্রিক দেশ ও রুম ও ভারতবর্ষ ও ইঙ্গলণ্ড ও ইদানীন্তন ইউরোপের নব্য ইতিহাসের বিশেষ জ্ঞাত থাকিতে হইবেক প্রত্যেক বার্ষিক ইমতিহানে পুরাবৃত্তের শ্রেণীর বিষয়ে যে পরীক্ষা হইবেক

তাহা পূর্ব্ব বৎসরে বা ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতকরা গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যায় পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার "অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের ২১ প্রস্তাব এবং হাইণ্ড ও য়োবল ও উডহৌসের রচিত প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকস্যান্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দ্রুববস্তুর নিরূপক ও বায়ুনিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিরি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে বুঝিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং কর্ম্মণ্য বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রকাশিত গ্রন্থের মধ্যে ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় এসে। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

৬। এই সকল রিপোর্ট পাইলে পর যত শীঘ্র সাধ্য সর্ব্ব সাধারণ লোককে জানাইবার ও বিতরণ হইবার নিমিত্তে বৃত্তিবিষয়ক প্রশ্ন এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্ত বিষয়ক সর্ব্বাপেক্ষা অত্যুত্তম উত্তর ও অত্যুত্তম এসে ছাপা হইবেক।

গবর্ণমেণ্টের কালেজ ভিন্ন অন্যান্য স্থানের বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের অতিউত্তম২ উত্তরও ছাপা হইবেক।

প্রত্যেক বিষয়েতে যে২ উত্তর দেওয়া যায় তাহা অনায়াসে শ্রেণীপূর্ব্বক সাজান যায় ও পরীক্ষা করা যায় এই অভিপ্রায়ে সকল বৃত্ত্যাকাঙ্ক্ষির প্রতি হুকুম হইতেছে যে কাগজের কেবল এক দিগে আপন২ উত্তর লেখেন এবং এক ফর্দ্দ কাগজে এক জিজ্ঞাসার অধিক উত্তর না লেখেন।

উক্ত বিধানক্রমে যে২ উত্তর লেখা না যায় তাহা অগ্রাহ্য হইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট ও কৌন্সেলের হুকুমক্রমে। এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ২০ জুলাই।

* ব্রিউলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হিউএল সাহেবের পুস্তক ও দ্রুববস্তুনিরূপকবিদ্যাবিষয়ে উএবটর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে ফেল সাহেবের পুস্তক এবং বায়ুনিরূপক বিদ্যাবিষয়ে কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT. নিমক।

It now appears, though to the best of my recollection it did not appear from the former case, that the arrest has been effected, and, since no escape or rescue is mentioned, I conclude that the prisoner is still in custody. The simple question referred to me seems to be, is, under these circumstances, the Magistrate to grant to the Sheriff's Officer who is under apprehension of violence, a *posse* to assist in the conveyance of the prisoner to Calcutta? Mr. Campbell says that the two last paragraphs of my former opinion *preclude* him from complying with the Bailiff's requisition. I do not think they go quite so far as that the last but one would rather imply the contrary, for the Writ cannot be said to be fully *executed* until the prisoner is conveyed to Calcutta. The last states only that "in my opinion the Magistrate is not *bound* to furnish men to assist, &c. &c.," not that he would act *illegally* in doing so. By the opinion expressed in that paragraph, I abide, for the following reasons:

ঠান যায় এবং সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে তাহার তরজমা এক মাসপর্য্যন্ত এই সদর আদালতে লট্‌কান থাকে।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।
(যথার্থ নকল।)
ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
John C. Marshman, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের গত মাসের ১২ তারিখের ৮ নম্বরী সরক্যুলর অর্ডরের বিষয়ে অর্থাৎ মফঃসল নিবাসি ব্যক্তিরদের প্রতিকূলে সুপ্রিম কোর্টহইতে "কেপিয়স" নামক যে রিট অর্থাৎ পরওয়ানা বাহির হয় তাহা জারীকরণের ভারপ্রাপ্ত সরিফের সারজনের মাজিষ্ট্রেট সাহেবেরদের কিপর্য্যন্ত সাহায্য করিতে হইবেক সেই বিষয়ের শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের পুনশ্চ মতের পশ্চাৎ লিখিত নকল গবর্ণমেন্টের হুকুমক্রমে সদর আদালতের সাহেবেরা ফৌজদারীর কার্য্যকারকেরদের বিজ্ঞাপনের নিমিত্তে প্রকাশ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬ সাল ১০ জুলাই।

মত।

সরিফ সাহেবের সারজনের ক্ষমতার বিষয়ে শ্রীযুত কাম্বেল সাহেব যে ভ্রম করিয়াছিলেন বোধ হইল তদ্বিষয়ে আমি যাহা লিখিয়াছিলাম তাহার কারণ এই আমার প্রতি অর্পিত কাগজপত্রের দ্বারা স্পষ্ট দেখা গেল যে শ্রীযুত কাম্বেল সাহেবের এই উপলব্ধি ছিল যে ঐ রিট "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানা নহে এই নিমিত্তে যাচিত সাহায্য করিবার আমার আবশ্যক নাই। এইপ্রযুক্ত আমি ইহা দেখাইতে চাহিলাম যে এক প্রকার রিট জারীর সাহায্য করিতে যদি মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য তবে সেই যুক্তির বলে অন্য প্রকার রিট জারীর সাহায্য করা তাঁহার তুল্য আবশ্যক।

আমার বোধ হয় যে পূর্ব্বকার মোকদ্দমার এইমত লিখিত ছিল না যে আসামী গ্রেফ্তার হইয়াছে এক্ষণে দৃষ্ট হইতেছে যে গ্রেফ্তার সম্পন্ন হইয়াছে এবং তাহার উদ্ধার বা পলায়নের বিষয়ে কিছু উত্থাপন না হওয়াতে বোধ করি আসামী এখনপর্য্যন্ত কয়েদ আছে। অতএব আমার নিকটে যে বিষয় অর্পণ হইয়াছে তাহা এইমাত্র দৃষ্ট হইতেছে যে এমত গতিকে যদি সরিফের সারজন কোন জবরদস্তীহওনের আশঙ্কা করিয়া আসামীকে কলিকাতায় লইয়া যাইবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে বরকন্দাজের প্রার্থনা করে তবে সে বরকন্দাজ তাঁহার দিতেই হইবেক কি না। শ্রীযুত কাম্বেল সাহেব লেখেন যে আমার পূর্ব্বকার পত্রের শেষ দুই দফাতে যাহা লেখা আছে তাহাতে সারজনের প্রার্থনা সিদ্ধ করিতে তাঁহার নিষেধ আছে। আমার বোধ হয় না যে সেই পত্রের সেই অর্থ হইতে পারে বরং শেষ দফাতে তাহার বিপরীত অভিপ্রায় বোধ হইতে পারে যেহেতুক যাবৎ আসামী কলিকাতায় না পঁহুছে তাবৎ রিট সম্পূর্ণরূপে জারী হইয়াছে ইহা কহা যাইতে পারে না। ঐ শেষ দফাতে এইমাত্র লিখিলাম যে আমার বোধে তাহার সাহায্য করণার্থ মাজিষ্ট্রেট সাহেবের লোক না দিলে নয় এমত নহে যদি তিনি তাহার সাহায্য করেন তবে তাহা বেআইনী হইবেক না। ঐ দফাতে যে মত লেখা আছে তাহা আমি নীচের লিখিত কারণপ্রযুক্ত পুনরায় ধার্য্য করিতেছি।

The obligation on the Mofussil Magistrates to assist in the execution of process issuing out of the Supreme Court, whether it be a perfect or an imperfect obligation, seems to arise out of the last Clause, in the Charter of Justice, which contains substantially the same injunction as that contained in the patent of assistance granted to Sheriffs in England, and in which their power to raise the *Posse Comitatus* is supposed to be implied (see Dalton's Office of Sheriff, pp. 5 and 8.) Now, according to the unanimous opinion of t he Judges as delivered to the House of Lords in *Miller versus Knox* 4 *Bing. N. C.* 574, the Sheriff has power, even though there be only a shew of intended resistance, to call upon such persons as are of proper age, *and fit and able to travel*, and especially ministerial officers, as constables, and the like, to assist him in the execution of the Writ within the county,—and such persons are punishable if they refuse to assist. It seems, however, very questionable whether this can be said to be the law of this country. In England the jurisdiction of the Sheriff, and consequently the liability of those who are called upon to assist, is confined to the bounds of a county. Here the Writs, which the Sheriff of Calcutta executes, run through the whole of the vast province of Bengal, and it seems preposterous to contend that, in the absence of any express enactment and by the mere force of analogy, an individual at Delhie may be compelled to assist a Sheriff's Officer in the transport of a prisoner to Calcutta,—Again, I am not aware that the obligation resulting or supposed to result from the last Clause of the Charter has ever been enforced, or could be enforced by indictment or information, as the obligation to assist the Sheriff might be enforced in England. Its performance therefore seems to depend mainly upon the instructions to be given by the Government to its Magistrates and other subordinate officers, and though it would certainly not be very creditable to the Government of any country to permit the process of a competent Court to be successfully defied, yet it seems rather too much to say that the Government is to undertake the expence of escorting persons taken on civil process from one end of the province to the other, or supposing it indemnified against the expence that it is to denude for such purposes a district of its requisite Police force.

In the particular case in question, there seems to be no apprehension of a forcible rescue by numbers, but a mere apprehension of violence on part of the prisoner I confess I cannot see why in such a case, the Bailiff should not take steps before the nearest justice of Peace to have his prisoner bound over in heavy penalties to keep the Peace towards him, or why he should not himself hire a sufficient number of fellows to prevent the escape of one man, however powerful and violent he may be.

I therefore repeat my opinion, that the Magistrate is not bound to furnish a *Posse* of men to assist in the conveyance of the Prisoner, but I

[*Government Gazette*, 1st *September*, 1846.]

সুপ্রিম কোর্টের হুকুম জারীর সাহায্য করিতে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের যে কর্ত্তব্যতা তাহা পূর্ণ কর্ত্তব্যতা কি অপূর্ণ কর্ত্তব্যতা হউক তাহার মূল চার্টর অফ জুষ্টিসের শেষ প্রকরণ। এবং ইঙ্গলণ্ড দেশের সরিফ সাহেবদিগকে দেওয়া সাহায্যের সনদে যে হুকুম আছে বাস্তবিক সেই হুকুম ঐ প্রকরণের মধ্যে আছে। এবং "পসি কমিটাটস" সংগ্রহ করিতে তাঁহারদের যে ক্ষমতা আছে তাহা সেই হুকুমেতে লিখিত আছে বোধ হয়। "হৌস অফ লার্ডস" অর্থাৎ কুলীনেরদের সভায় ইঙ্গলণ্ড দেশের জজ সাহেবেরা ঐক্য হইয়া যে মত দিয়াছিলেন তদ্দ্বারা দৃষ্ট হইতেছে যে যদ্যপি কেবল কল্পিত প্রতিবন্ধকতা দৃষ্ট হয় তথাপি সরিফ সাহেবের এই ক্ষমতা আছে যে সেই প্রদেশের মধ্যে রিট জারীর সাহায্য করিতে উপযুক্তবয়স্ক ব্যক্তিরদিগকে এবং যাহারা গমনাগমন করিতে পারে তাহারদিগকে এবং বিশেষতঃ সারজনপ্রভৃতি আদালতের আমলারদিগকে তলব করিতে পারেন এবং যদি সেই ব্যক্তিরা তাঁহার সাহায্য করিতে স্বীকার না করে তবে তাহারা দণ্ডের যোগ্য হইবেক। কিন্তু এইপ্রকার আইন এই দেশে চলন আছে বলা যাইতে পারে না। ইঙ্গলণ্ড দেশে সরিফ সাহেবের এলাকা কেবল এক প্রদেশের সীমাসরহদ্দের মধ্যে আছে এবং যাহারদিগকে তিনি আপনার সাহায্য করিতে তলব করেন তাহারা কেবল সেই সীমার মধ্যে সাহায্য করিতে দায়ী আছে। কিন্তু এই দেশে কলিকাতার সরিফ সাহেব যে রিট বাহির করেন্ তাহা অতিবিস্তারিত সমস্ত বাঙ্গলা প্রদেশ ব্যাপিয়া জারী হয় অতএব কোন বিশেষ আইন না থাকিতে কেবল যুক্তির বলে দিল্লীস্থ কোন মাজিষ্ট্রেট সাহেবের কলিকাতাপর্য্যন্ত আসামীকে পঁহুছাইয়া দিতে সরিফের সারজনের সাহায্য করিতেই হইবেক ইহা অসঙ্গত। পুনশ্চ ঐ চার্টরের শেষ প্রকরণেতে যে কর্ত্তব্যতা জন্মে অথবা জন্মিতেছে বোধ হইতে পারে তদনুযায়ি কর্ম্ম যে কখন হইয়াছে ইহা আমি শুনি নাই অথবা ইঙ্গলণ্ড দেশে সরিফ সাহেবের যেরূপ সাহায্য করাণ যাইতে পারে সেইরূপে নালিশ বা এজহারের দ্বারা এমত সাহায্য এই দেশে করাণ যাইতে পারে আমার এমত বোধ নহে। অতএব গবর্ণমেণ্ট আপন মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং অন্য অধীনস্থ কর্ম্মকারকদিগকে যেরূপ হুকুম করেন সেইরূপে তাঁহারদের উপরে এই কর্ম্ম করণের ঝুঁকী থাকে। এবং যদ্যপি ক্ষমতাপ্রাপ্ত আদালতের হুকুম হেয় করিতে দেওনে দেশের গবর্ণমেণ্টের অখ্যাতি অবশ্য হইতে পারে তথাপি দেওয়ানী হুকুমক্রমে আসামীকে দেশের এক সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত লইয়া যাওনের খরচের ভার গবর্ণমেণ্টের লইতেই হইবেক অথবা যদ্যপি সেই খরচ গবর্ণমেণ্টকে ফিরিয়া দেওয়া যায় তথাপি এইমত কারণে কোন জিলার আবশ্যক বরকন্দাজ হীন করিতেই হইবেক ইহা কদাচ কহা যাইতে পারে না।

এই বিশেষ গতিকে অনেক লোকের দ্বারা আসামীর উদ্ধার হইবার সম্ভাবনা নাই কেবল সেই আসামীর জবরদস্তী করণের আশঙ্কা আছে অতএব এইমত গতিকে আমার বোধ হয় যে সারজন অনায়াসে নিকটস্থ জুষ্টিস অফ দি পীসের নিকটে গিয়া আসামী তাহার প্রতি অত্যাচার না করে এইরূপ অতিভারি টাকার ফেয়াল জামিন লইতে পারে অথবা এক ব্যক্তির পলায়ন নিবারণার্থ সেই ব্যক্তি যত বলবৎ বা জবরদস্ত হউক না কেন উপযুক্তসংখ্যক পেয়াদাকে বেতন দিয়া রাখিতে পারে।

অতএব আমি পুনশ্চ আমার এই মত জানাইতেছি যে আসামীকে লইয়া যাওনার্থ সাহায্য করিতে মাজিষ্ট্রেট সাহেবের এক দল বরকন্দাজ দিবার আবশ্যক নাই কিন্তু

cannot think that he would incur any *legal* responsibility in so doing, should he think that there is any thing in the special circumstances of the case which requires such extraordinary assistance, and if I were to venture to lay down any general rule of conduct for the guidance of Magistrates in such cases, it would be this, that when required so to do, they take such measures as may be necessary to insure the peaceable execution of legal process within the limits of their own district or local jurisdiction, not travelling beyond it. Such a rule, if applied to the present case, would induce Mr. Campbell to provide for the peaceable removal of ———— from Darjeeling, but not for his transport to Calcutta. I have given my opinion at this length, because, from all I can learn, the case, in all its circumstances, is a novel one.

(Signed) JAMES WM. COLVILE.

June 16th, 1846.

(True Copy.)

W. KIRKPATRICK, *Deputy Register.*

আমার এই মত বোধ হয় না যে যদি তিনি এইমত ভাবেন যে এই গতিকে বিশেষ কারণপ্রযুক্ত অতিরিক্ত সাহায্য করণের আবশ্যক তবে সেই সাহায্য করিলে আইনপ্রযুক্ত তাঁহার উপর দোষ পড়িবেক। এই২প্রকার গতিকে মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যের নিমিত্তে যদি সাধারণ বিধি আমার প্রস্তাব করিতে হয় তবে এই নিয়মের প্রস্তাব করিতাম যে মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে এই বিষয়ের দরখাস্ত হইলে তাঁহারা আপন২ জিলা বা এলাকার সীমার মধ্যে আইনসিদ্ধ হুকুম নির্বিঘ্নে জারীকরণের নিমিত্তে যে২ উপায়ের আবশ্যক হয় তাহা করেন কিন্তু আপনারদের জিলা বা এলাকার বাহিরে কোন কর্ম্ম না করেন। যদি এই বিধি এই মোকদ্দমায় খাটান যায় তবে শ্রীযুত কাম্বেল সাহেবের উচিত হইবেক যে অমুক সাহেবকে দারজিলিঙ্গ-হইতে নির্বিঘ্নে স্থানান্তর করিতে উপায় করেন কিন্তু তাঁহাকে কলিকাতায় পঁহুছাইয়া দিবার নিমিত্তে উপায় না করেন। এইপ্রকার মোকদ্দমা ইহার পূর্ব্বে প্রায় উপস্থিত হয় নাই বোধ করিয়া আমি আমার মত কিছু বাহুল্য করিয়া লিখিলাম।

জে ডবলিউ কলবিল।

১৮৪৬ সাল ১৬ জুন।

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

ERRATUM.

Page 513, line 33, for "Section 3, Regulation IX. 1793," read "Section 3, Regulation IV. 1793."

B. J. COLVIN, *Offg. Register.*

অশুদ্ধশোধন।

১৮৪৬ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫১৩ পৃষ্ঠার ৩৫ পঙ্ক্তিতে ১৭৯৩ সালের ৯ আইনের ৩ ধারা এই কথার পরিবর্ত্তে ১৭৯৩ সালের ৪ আইনের ৩ ধারা পাঠ করিতে হইবেক। বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ২১ আগষ্ট।

জিলা নদীয়ার হাঁসখালীর মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৮ আগষ্ট।

জিলা কটকের ফতওয়াদায়ক শ্রীযুত মহম্মদ ফাজিল আগামি মাসের ১৭ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মুনসিংহের সেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র চক্রবর্ত্তী আগামি দশহরার বন্দের অতিরিক্ত নয় দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন।

একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৪৬ সাল ২১ আগষ্ট।

বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের হুকুমক্রমে হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জেম্স ডড সাহেব (Mr. James Dodd) কলিকাতার টাকশালের ধাতুপরীক্ষক হইবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ বি ওসগনেসি সাহেব (Dr. W. B. O'Saughnessy) কলিকাতার টাকশালের ডেপুটী ধাতুপরীক্ষক হইবেন।

হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

জে এ ডোরিন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১১৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

উচ্চপদে নিয়োগ।

১৮৪৬ সাল ২৬ আগষ্ট।

ভুলুয়ার ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী হমিদুল্লা খাঁ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত জি হফ সাহেব (Mr. G. Hough) প্রথম শ্রেণীর ডেপুটী কালেকটর হইবেন এবং কটকের দক্ষিণ অঞ্চলে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

চাটিগাঁর ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কেবলকৃষ্ণ রায় দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

নদীয়ার দৌলতগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী সাকাবৎ হুসেন প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৬ আগষ্ট।

মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব (Mr. J. Lamb) স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযু মৌলবী রুকনুদ্দীন খাঁ আগামি দশহরার বন্দের অতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম আগামি দশহরার বন্দের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামগতি মিত্র ও শ্রীযুত বাবু গোলোকচন্দ্র বল স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি সেপ্টেম্বর মাসের ১৭ তারিখঅবধি অক্টোবর মাসের ২২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ খুরসেদ আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৪ আগষ্ট।

শ্রীযুত ফ্রেদ্রিক শা সাহেব (Mr. Frederick Shaw) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "সামরাজ" নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৬ সাল ২৯ আগষ্ট।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব (Mr. T. Wyatt) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সারণের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM RUFUS PETIT ROBERTS, sued by the name of W. Roberts, an Insolvent.

Under an order made in the above matter on the 1st day of August instant, the hearing of the matters of the Petition of the abovenamed Insolvent was adjourned to Saturday, the 17th day of October next.

Calcutta, 19th August, 1846. EMANUEL PANIOTY, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

বিজ্ঞাপন।

যোত্রহীন ডবলিউ রাবর্টস নামে সফীনাহওয়া যোত্রহীন উলিয়ম রুফস পেটিট রাবর্টস সাহেবের বিষয়ে বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখে হুকুম হইয়াছিল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে শুনা যাইবেক। কলিকাতা। ১৮৪৬। ১৯ আগষ্ট। ইমানুএল পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 4th day of August instant, the matters of the Petition of RAMTONOO ROY, late of Jorasanko, in the Town of Calcutta, and who lately carried on business at Armenian Street in Calcutta, aforesaid, as a trader and heretofore a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 17th day of October next.

The names of the Creditors of the said RAMTONOO ROY, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

Calcutta, 24th August, 1846. EMANUEL PANIOTY, *Insolvent's Attorney.*

পূর্ব্বে কলিকাতা নগরের আরমাণিটোলাতে সওদাগর ও কলিকাতা নগরের যোড়াসাঁকোনিবাসি এক্ষণে কলিকাতা নগরের সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদী রামতনু রায় ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রামতনু রায়ের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। কলিকাতা। ১৮৪৬। ২৪ আগষ্ট। ইমানুএল পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 27th day of August instant, the matters of the Petition of FRANCIS CECIL D'ROZARIO, late of Fenwick Bazar Lane, in the town of Calcutta, a Section Writer, in the Sudder Dewanny Adawlut, but now a prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of His late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 17th day of October next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said FRANCIS CECIL D'ROZARIO, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Calcutta, 27th August, 1846. BEDELL, *Insolvent's Attorney.*

পূর্ব্বে কলিকাতা নগরের সদর দেওয়ানী আদালতে সেকস্যন রাইটর ও কলিকাতা নগরের ফেনিক বাজারের গলি নিবাসি ফ্রান্সিস সিসিল ডিরোজারিয়ো সাহেব কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ২৭ তারিখের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে বেলা এগার ঘন্টা সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত ফ্রান্সিস সিসিল ডিরোজারিয়ো সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৪ আগষ্ট। বিডেল। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 1st September, 1846.*]

In the matter of WILLIAM HUNTER SMOULT, heretofore carrying on business in copartnership with William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland and Albert Mirabeau Dowleans at Calcutta, under the style or firm of Tulloh and Company, as Auctioneers and General Commission Agents.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 29th day of August instant, upon the application of William Henry of Calcutta, Dentist, it was adjudged that the Petition presented by the said William Henry was true, and that the abovenamed William Hunter Smoult had committed an Act of Insolvency within the provisions of the Statute ninth of George the Fourth, Chapter seventy-three. Calcutta, 29th August, 1846. W. N. HEDGER, *Attorney*.

টালা কোম্পানির নামে নীলামকারি ও সাধারণ কমিস্যন এজেন্টী কর্ম্মকারি কলিকাতা নগরের উলিয়ম পাট্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্নিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে যৌতায় কর্ম্মকারি. উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরে দন্তের চিকিৎসক শ্রীযুত উলিয়ম হেনরি সাহেবের দরখাস্ত মতে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত উলিয়ম হেনরি সাহেবের দরখাস্ত সত্য এবং উক্ত উলিয়ম হন্টর স্মোল্ট সাহেব যোত্রহীন বটেন এবং চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের ৭৩ অধ্যায়ের লিখিত বিধানক্রমে উপকার পাইতে পারেন্।

কলিকাতা। ১৮৪৬। ২৯ আগষ্ট। ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

In the matter of NETTERVILLE HENRY ALEXANDER CAMPBELL, an Insolvent.

NOTICE is hereby given, that by an order of the Insolvent Court, bearing date the eleventh day of August instant, it was ordered, that the hearing of the matters of the petition of the said Insolvent, be adjourned to Saturday, the seventeenth day of October next, and that the Schedule of the said Insolvent has been amended, according to the said order and can be referred to by any Creditor in the Office of the Chief Clerk of the said Court.

Calcutta, 24th August, 1846. R. GRAHAM, *Insolvent's Attorney*.

যোত্রহীন নেটরবিল হেনরি আলেকজাণ্ডর কাম্বেল সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ১১ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে শুনা যাইবেক এবং উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের তফসীল শুধরাণ গিয়াছে মহাজনেরা ঐ তফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৬।২৪ আগষ্ট। আর গ্রেহাম। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের মন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 8, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৮ সেপ্টেম্বর।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 709.

To the Abkaree Superintendent of ——

1st. With reference to the Circular of this Department No. 695, dated 29th September, 1845, regarding the safe custody of Government Securities tendered to you by subordinate officers as guarantee for the due performance of their official duties, I have the honour to request your observance of the following instructions:

2nd. It appears from the 6th paragraph of the orders of Government in the Financial Department, dated 26th July, 1845, a copy of which was annexed to the Circular of the date above cited, that Securities tendered for Revenue purposes should not be deposited at the Presidency with the Sub-Treasurer, nor should they in my opinion be deposited with the Government Agent, unless the party concerned, agrees to pay the usual fees levied by that authority from individuals who make use of the Agency.

3d. As the Government Securities tendered to you by your subordinates are apparently for Revenue (Abkaree) purposes and as they could not owing to the necessity for endorsement in each case, be easily misappropriated, and since moreover, their appropriation as Revenue would be facilitated if left in your own hands, I am aware of no objection to the Government Securities in question being retained altogether in your own custody. But should you possibly consider them to be unsafe if kept in your own office, I should in such case suggest that you remit them to the Collector of your District for safe custody, charging their amounts under "Abkaree Remittances," in your Cash Ac-

আক্কৌণ্টেণ্ট জেনরলের সরক্যুলর অর্ডর।

৭০৯ নম্বর।

অমুক আবকারীর শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বরাবরেষু।

১। তোমার তাবেদার আমলারা আপনং সরকারী কার্য্য যথারীতি নির্ব্বাহকরণের জামিনস্বরূপ যে কোম্পানির কাগজ তোমার নিকটে অর্পণ করে তাহা নির্ব্বিঘ্নে রাখণের বিষয়ি ১৮৪৫ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের এই দফ্তরের ৬৯৫ নম্বরী সরক্যুলর অর্ডরের উপলক্ষে পশ্চাৎ লিখিত হুকুমানুসারে কার্য্য করিতে তোমাকে আদেশ করিতেছি।

২। ১৮৪৫ সালের ২৬ জুলাই তারিখে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের হুকুমের এক নকল পূর্ব্বোক্ত তারিখের সরক্যুলর অর্ডরের শেষে লেখা ছিল তাহার ৬ দফার দৃষ্ট হইতেছে যে রাজস্বের কার্য্যের উপলক্ষে যে কোম্পানির কাগজ জামিনস্বরূপ দাখিল হয় তাহা কলিকাতা রাজধানীর সবট্রেজুরর সাহেবের নিকটে আমানৎ করিতে হইবেক না। এবং গবর্ণমেণ্টের এজেন্সী দফ্তরে কোম্পানির কাগজ আমানৎকারিদের স্থানে গবর্ণমেণ্টের এজেণ্ট সাহেব রীতিমত যে রসুম লন সেই রসুম যদি তাহারা দিতে স্বীকার না করে তবে আমার বোধে ঐ কাগজ ঐ এজেণ্ট সাহেবের নিকটে আমানৎকরা অনুচিত।

৩। তোমার অধীনকর্ম্মকারকেরা যে কোম্পানির কাগজ তোমার নিকটে দাখিল করে তাহা রাজস্ব অর্থাৎ আবকারী কর্ম্মসম্পর্কীয় দৃষ্ট হইতেছে এবং প্রত্যেক গতিকে ঐ কাগজের পৃষ্ঠে দস্তখৎ করণের আবশ্যক হওয়াতে তাহা সহজে হস্তান্তর হইতে পারে না এবং তোমার হাতে সেই কাগজ থাকিলে তাহা রাজস্বের কার্য্যে ব্যবহার হইবার সুগম হইবেক এই দুই কারণপ্রযুক্ত ঐ কোম্পানির কাগজ তোমার জিম্মায় থাকাতে আমি কোন আপত্তি দেখি না। কিন্তু যদ্যপি তোমার বোধ হয় যে তাহা তোমার কাছারীতে থাকিলে তাহার কিছু বিঘ্ন হইতে পারে তবে তাহা নির্ব্বিঘ্নে থাকিবার নিমিত্ত তোমার জিলার কালেক্টর সাহেবের নিকটে পাঠাইতে পরামর্শ দিই। তাহা হইলে তোমার নগদ টাকার হিসাবে "আবকারীর নিমিত্ত প্রেরিত টাকার" খাতায় তাহার খরচ লেখ

counts and supporting the debits with the receipts of the Collector, by whom corresponding credits should be afforded under the same head in his Treasury Accounts. When the said Securities are returned to you by the Collector for the purpose of appropriation or of disposal otherwise, an operation the reverse of that above described should of course take place in your own accounts and in those of the Collector of your District.

(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 25th July, 1846.

কিন্তু সেই খরচ সাব্যস্ত করণের নিমিত্তে কালেক্টর সাহেবের রসীদ আনিয়া রাখিতে হইবেক। এবং কালেক্টর সাহেব আপনার খাজানাখানার হিসাবে সেই খাতার নীচে ঐ টাকা জমা করিবেন। পরে যখন সেই কোম্পানির কাগজ কোন কারণে ব্যবহার করণের নিমিত্তে কালেক্টর সাহেব তাহা তোমার নিকটে ফিরাইয়া দেন তখন কালেক্টর সাহেব আপনার হিসাবে সেই খাতায় খরচ লিখিবেন এবং তুমি তোমার হিসাবে তাহা জমা করিয়া লইবা।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকেকাউন্টেন্ট।

ফোর্ট উলিয়ম। আকেকাউন্টেন্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেন্ট। ১৮৪৬। ২৫ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 22.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. It having been ruled that the Office of a Collector, quoad the trial of Summary Suits for arrear or exactions of rent under Regulation VII. of 1799, as modified by Regulations VIII. of 1831, and IX. of 1833, is to be considered a Court within the intent of the 1st Section of Act XXIII. of 1840, I am desired by the Sudder Board of Revenue to instruct you on the subject of the said Act as follows:

2d. Every process in a Summary suit is to be forwarded in an envelope to the address of the Deputy Sheriff of Calcutta, either by Dâk, or by the hands of a Peon or other public Officer, as may be most convenient, with a letter drawn up conformably to the annexed Form marked A.

3d. All subordinate Revenue Officers empowered to try Summary suits will submit the processes of their Courts in such suits, which may require execution under Act XXIII. of 1840, to the Collector, to be by him forwarded, in the prescribed manner, to the Deputy Sheriff.

4th. All processes are to be drawn up in the annexed Forms, numbered 1 to 6, or agreeably to such other forms as may from time to time be circulated by the Sudder Board of Revenue.

5th. Collectors will be careful that the processes they forward are drawn up conformably to these Rules.

6th. The party at whose requisition any witness may be summoned, must be prepared to pay to the witness such sum for his expences as the Judges of Her Majesty's Supreme Court may consider reasonable and proper.

7th. Any money that it may be requisite to send to the Deputy Sheriff is to be forwarded by a bill on the General Treasury.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 12th August, 1846.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ৮ সেপ্টেম্বর।]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

১। বিধান হইয়াছে যে ১৮৩১ সালের ৮ আইন এবং ১৮৩৩ সালের ৯ আইনের দ্বারা মতান্তরহওয়া ১৭৯৯ সালের ৭ আইনানুসারে মালগুজারীর বাকী আদায় বা তাহা অন্যায়েতে তহসীল করণের সরাসরী মোকদ্দমার বিচারের উপলক্ষে কালেক্টর সাহেবের কাছারী ১৮৪০ সালের ২৩ আইনের ১ ধারার অভিপ্রেত আদালত জ্ঞান হইবেক অতএব উক্ত আইনের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে তোমাকে নীচের লিখিত উপদেশ করিতেছি।

২। সরাসরী মোকদ্দমার প্রত্যেক হুকুমনামা খাম করিয়া কলিকাতাস্থ ডেপুটী সরিফ সাহেবের নামে শিরনামা দিয়া ডাকযোগে বা পেয়াদার দ্বারা বা অন্য সরকারী চাকরের দ্বারা যাহাতে সুগম হয় ঐ সাহেবের নিকটে পাঠাইতে হইবেক এবং তাহার সঙ্গে২ পশ্চাৎ A চিহ্নিত পাঠানুসারে এক পত্র লিখিতে হইবেক।

৩। যে অধীনস্থ রাজস্বের কর্ম্মকারকেরা সরাসরী মোকদ্দমার বিচার করণের ক্ষমতা রাখেন তাঁহারদের সেই প্রকার মোকদ্দমার আপন২ আদালতের যে হুকুম ১৮৪০ সালের ২৩ আইনানুসারে জারী করিতে হয় তাহা কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন এবং তিনি নিরূপিতমতে তাহা ডেপুটী সরিফ সাহেবের নিকটে পাঠাইবেন।

৪। সকল হুকুমনামা ১ নম্বরঅবধি ৬ নম্বরপর্য্যন্ত পশ্চাৎ লিখিত পাঠানুসারে লিখিতে হইবেক অথবা সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা সময়ক্রমে যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে প্রস্তুত করিতে হইবেক।

৫। কালেক্টর সাহেবেরা অতিসাবধান হইয়া দেখিবেন যে সকল হুকুমনামা এই বিধানানুসারে প্রস্তুত করা যায়।

৬। যে ব্যক্তির দরখাস্তে কোন সাক্ষির তলব হয় ঐ সাক্ষির খরচের নিমিত্ত শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের জজ সাহেবেরা যত টাকা ওয়াজিবী ও উচিত বোধ করেন তাহা সাক্ষিকে দিতে ঐ ব্যক্তি প্রস্তুত হইবেক।

৭। ডেপুটী সরিফ সাহেবের নিকটে যে টাকা পাঠাইবার প্রয়োজন হয় তাহা জেনরল ত্রেজুরীর উপর জিলার কালেক্টর সাহেবের এক বিলের দ্বারা পাঠান যাইবেক।

জি প্লোডন। একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৬। ১২ আগষ্ট।

A.

I beg leave to enclose you (here mention the description of process) which I request you will have the goodness to present to the Judges of Her Majesty's Supreme Court conformably to Act XXIII. of 1840.

2d. On your intimating to me the expences of serving this process, the amount will be forwarded to you by a bill on the General Treasury, and a person will attend hereafter (or a person accompanies this letter) to point out the parties.

Clause 3, Section XV. Regulation VII. of 1799.

No. 1.—Dustuck or Warrant for the Arrest of the Defendant.

To Nuzzur Ali, Nazir of the Collector's Office for the District of Nuddeah.

Whereas Baboo Kalachand of Santipore, has instituted a suit in this Court against Sheik Goomanee, of Durrumtollah, in the Town of Calcutta, under the provisions of Regulation VII. of 1799, for the recovery of arrears of rent, to the amount of Rupees 100, you are hereby authorized and commanded to arrest the said Defendant, and unless he pay the above demand, together with all the costs of this process, within 24 hours from the service of the same, you will convey him to this Court. Provided, however, that if the Defendant shall, by a written application, request a longer period than 24 hours to adjust the demand against him, and the Plaintiff shall, by a written superscription or endorsement on such application, acquiesce thereth, you will delay execution of this Warrant accordingly, and whenever the Plaintiff shall in writing, declare himself satisfied and desire the Warrant to be withdrawn, you will immediately withdraw the same on payment by the Defendant of all costs of the process. In this fail not. Dated this 10th day of August, 1846.

(Signed) A. B.,

Collector, or Deputy Collector, or Assistant, or Un. Deputy Collector as the case may be.

Clause 3, Section XVIII. Regulation VIII. of 1819.

No. 2.—Proclamation for the attendance of the Defendant.

In the Court of the Collector for the district of Nuddeah.

To Sheik Goomanee, of Durrumtollah in the Town of Calcutta.

Whereas Baboo Kalachand of Santipore, has instituted a suit against you in this Court under the provisions of Regulation VII. of 1799, for the recovery of arrears of rent amounting to Rupees 100, and whereas a Warrant was duly issued for your arrest, and whereas it appears from the return of the Nazir (or from the return of the Deputy Sheriff of Calcutta) that after diligent search you were not to be found, and that the said Warrant could not therefore be executed upon you, according to the exigence thereof. Proclamation is therefore hereby

A

১। আমি তোমার নিকটে (এই স্থানে হুকুমের প্রকার লিখিতে হইবেক) পাঠাইয়া আদেশ করিতেছি যে আপনি অনুগ্রহ করিয়া ১৮৪০ সালের ২৩ আইনানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্ট আদালতের জজ সাহেবদিগের নিকটে তাহার প্রস্তাব করেন্।

২। এই হুকুমনামা জারীকরণে যে খরচা লাগে তাহা আপনি আমাকে জানাইলে জেনরল ত্রেজুরীর উপর এক বিলের দ্বারা আপনার নিকটে পাঠাইব। এবং আসামীকে দেখাইয়া দিবার নিমিত্ত এক জন ইহার পর আপনার নিকটে যাইবেক (অথবা এক জন এই পত্রের সঙ্গে যাইতেছে।)

১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৩ প্রকরণ।

১ নং।

আসামীকে গ্রেফ্তার করণার্থ দস্তক অর্থাৎ ওয়ারণ্ট।

জিলা নদীয়ার কালেক্টর সাহেবের নাজির শ্রী নজর আলী প্রতি আগে।

যেহেতুক শান্তিপুরের বাবু কালাচাঁদ ১০০৲ টাকা বাকী খাজানা আদায়ের নিমিত্তে ১৭৯৯ সালের ৭ আইনের বিধির অনুসারে শহর কলিকাতার ধর্ম্মতলানিবাসি সেখ গুমানির নামে এই আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়াছে অতএব উক্ত আসামীকে গ্রেফ্তার করিতে ইহার দ্বারা তোমাকে ক্ষমতা ও হুকুম দেওয়া যাইতেছে এবং এই দস্তক জারীহওনের পর চব্বিশ ঘণ্টার মধ্যে যদি সেই ব্যক্তি উক্ত টাকা এবং এই হুকুম জারীকরণের সকল খরচা না দেয় তবে তাহাকে এই আদালতে আনিবা। কিন্তু যদি আসামী আপনার উপরে করা দাওয়ার নিষ্পত্তি করণার্থ চব্বিশ ঘণ্টার অধিক মিয়াদ লিখিত দরখাস্তক্রমে প্রার্থনা করে এবং যদি ফরিয়াদী ঐ দরখাস্তের মুখে কিম্বা তাহার পৃষ্ঠে দস্তখৎ করণের দ্বারা তাহাতে আপন সম্মতি জানায় তবে তুমি সেইরূপে ওয়ারণ্ট জারী করণের বিলম্ব করিবা। এবং যখন ফরিয়াদী এইমত লিখিয়া দেয় যে আমি রাজী হইলাম এবং ঐ দস্তক মৌকুফ করিতে চাহে তখন তুমি ঐ দস্তকের সমুদায় খরচা আসামীর স্থানে পাইবামাত্র তাহা মৌকুফ করিবা। ইহাতে কোন কসুর না হয় ইতি। ১৮৪৬ সাল তারিখ ১০ আগষ্ট।

অমুক

কালেক্টর অথবা ডেপুটী

কালেক্টর কি আসিষ্টাণ্ট

কালেক্টর কিম্বা অচিহ্নিত ডেপুটী কালেক্টর।

১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৩ প্রকরণ।

২ নং।

আসামীকে হাজির করাওণার্থ ইশ্‌তিহার।

জিলা নদীয়ার কালেক্টর সাহেবের কাছারীতে।

কলিকাতা শহরের ধর্ম্মতলানিবাসি সেখ গুমানি প্রতি আগে।

যেহেতুক শান্তিপুরের বাবু কালাচাঁদ ১০০৲ টাকা বাকী খাজানা আদায়ের নিমিত্ত এই আদালতে ১৭৯৯ সালের ৭ আইনের বিধির অনুসারে তোমার নামে নালিশ করিয়াছে এবং যেহেতুক তোমাকে গ্রেফ্তার করিবার নিমিত্তে রীতিমত দস্তক বাহির হইয়াছিল এবং যেহেতুক নাজিরের কৈফিয়তের দ্বারা (অথবা কলিকাতাস্থ ডেপুটী সরিফ সাহেবের কৈফিয়তের দ্বারা) দৃষ্ট হইতেছে যে অনেক অনুসন্ধান করিলেও তোমাকে পাওয়া গেল না এবং ঐ দস্তকের হুকুমানুসারে তাহা তোমার উপর জারী হইতে পারিল না অতএব ইহার দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮১৯ সালের ৮ আইনের ১৮

made, agreeably to Clause 3, Section XVIII. Regulation VIII. of 1819, that this Court, after fifteen days from the date hereof, will proceed to a Summary investigation of the above demand against you, and in case of your non-attendance, will pass judgment summarily upon the documents and proofs that may be exhibited by the Plaintiff ex-parte.

Given under my hand and the Seal of this Court, this 20th day of August, 1846.

(Signed) A. B.,

Collector or Deputy Collector, &c. as before.

Section IV. Regulation XIV. of 1824.

No. 3.—Subpœna.

In the Court of the Collector of the District of Nuddea.

Baboo Kalachand of Santipore, ... Plaintiff

versus

Shaik Goomanee, of Durrumtollah, in the town of Calcutta, ... Defendant.

To Sheik Mungloo, of Durrumtollah in the town of Calcutta.

Whereas your attendance is required to give evidence on behalf of the Plaintiff (or of the Defendant) in the above cause, you are hereby required personally to appear before this Court on the 1st September, 1846, for that purpose.

Given under my hand and the Seal of this Court, this 24th day of August, 1846.

(Signed) A. B.,

Collector, or Deputy Collector, &c. as before.

Section 4, Regulation XIV. of 1824.

No. 4.—Warrant for the Apprehension of a Witness.

To Nuzzur Ali, Nazir of the Collector's Office, for the district of Nuddea.

Whereas Shaik Mungloo of Durrumtollah, in the town of Calcutta, was duly subpœnaed on the 24th day of August, 1846, to give evidence on behalf of Baboo Kalachand of Santipore, Plaintiff, and whereas Sheik Edoo Peadah has declared to the due service of the said subpœna, and whereas the said Sheik Mungloo has neglected and refused to appear according to the exigence of the subpœna; you are hereby authorized and commanded to apprehend the said Sheik Mungloo and produce him before this Court. In this fail not. Dated this 18th day of September, 1846.

(Signed) A. B.,

Collector or Depy. Collr., &c. as before.

Section 20, Regulation VIII. of 1831.

No. 5.—Writ of Execution against the person.

To Nuzzur Ali, Nazir of the Collector's Office, for the district of Nuddeah.

Whereas in the suit instituted by Baboo Kalachand, of Santipore, Plaintiff, against Sheik Goomanee of Durrumtollah, in the town of Calcutta, Defendant, for the recovery of arrears of rent, the sum of Rupees 100 has been adjudged to be due

ধারার ৩ প্রকরণানুসারে এই ইশ্তিহারের তারিখের পনের দিন পরে তোমার প্রতিকূলে উক্ত দাওয়া এই আদালতে সরাসরীমতে বিচার হইবেক এবং যদি তুমি হাজির না হও তবে ফরিয়াদী যে দস্তাবেজ ও প্রমাণ দাখিল করে তদনুসারে সরাসরীমতে তাহার একতরফা ডিক্রী হইবেক।

আমার দস্তখৎ এবং এই আদালাতের মোহরে ১৮৪৬ সালের ২০ আগষ্ট তারিখে দেওয়া গেল।

অমুক।

কালেক্টর কি ডেপুটী

কালেক্টরপ্রভৃতি (যথা উপরে)।

১৮২৪ সালের ১৪ আইনের ৪ ধারা।

৩ নং।

সফীনা।

জিলা নদীয়ার কালেক্টর সাহেবের কাছারীতে।

শান্তিপুরের বাবু কালাচাঁদ। ফরিয়াদী।

কলিকাতা শহরের ধর্ম্মতলার সেখ গুমানি। আসামী।

কলিকাতা শহরের ধর্ম্মতলার সেখ মঙ্গলু প্রতি আগে।

যেহেতুক উক্ত মোকদ্দমায় ফরিয়াদী (অথবা আসামীর) পক্ষে সাক্ষ্য দেওনার্থ তোমার হাজির হইবার আবশ্যক আছে অতএব তোমার প্রতি হুকুম হইল যে ১৮৪৬ সালের ১ সেপ্টেম্বর তারিখে তুমি স্বয়ং তন্নিমিত্তে এই আদালতে হাজির হও।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে ১৮৪৬ সালের ২৪ আগষ্ট তারিখে দেওয়া গেল।

অমুক।

কালেক্টর কি ডেপুটী

কালেক্টরপ্রভৃতি (যথা উপরে)।

১৮২৪ সালের ১৪ আইনের ৪ ধারা।

৪ নং।

সাক্ষিকে গ্রেফ্তার করণার্থ দস্তক।

জিলা নদীয়ার কালেক্টর সাহেবের কাছারীর নাজির শ্রী নজর আলী প্রতি আগে।

যেহেতুক শান্তিপুরের বাবু কালাচাঁদ ফরিয়াদীর পক্ষে সাক্ষ্য দেওনার্থ কলিকাতা শহরের ধর্ম্মতলানিবাসি সেখ মঙ্গলুর নামে ১৮৪৬ সালের ২৪ আগষ্ট তারিখে রীতিমত সফীনা হইয়াছিল এবং যেহেতুক সেখ ইদু পেয়াদা ঐ সফীনা রীতিমত জারী করণের বিষয়ে এজহার দিয়াছে এবং যেহেতুক উক্ত সেখ মঙ্গলু ঐ সফীনার হুকুমানুসারে হাজির হইতে ত্রুটি এবং অস্বীকার করিয়াছে অতএব ঐ সেখ মঙ্গলুকে গ্রেফ্তার করিতে এবং এই আদালতে হাজির করিতে ইহার দ্বারা তোমাকে ক্ষমতা ও হুকুম দেওয়া যাইতেছে ইহাতে কোন কসুর না হয়ইতি। ১৮৪৬ সাল ৮ সেপ্টেম্বর।

অমুক।

কালেক্টর কি ডেপুটী

কালেক্টরপ্রভৃতি (যথা উপরে)।

১৮৩১ সালের ৮ আইনের ২০ ধারা।

৫ নং।

আসামীকে গ্রেফ্তার করণার্থ পরওয়ানা।

জিলা নদীয়ার কালেক্টর সাহেবের কাছারীর নাজির শ্রী নজর আলী প্রতি আগে।

যেহেতুক বাকী খাজানা আদায়ের নিমিত্তে শান্তিপুরনিবাসি বাবু কালাচাঁদ ফরিয়াদী কলিকাতা শহরের ধর্ম্মতলানিবাসি সেখ গুমানি আসামীর নামে যে মোকদ্দমা উপস্থিত করিয়াছিল সেই মোকদ্দমায় ফরিয়াদীর পাওনা ১০০৲ টাকা এবং সেই টাকা দেওনের তারিখপর্য্যন্ত

to the said Plaintiff, with interest at 12 per cent. per annum to the day of payment, which to this date amounts to Rupees 10, and 15 Rupees for costs of suit, amounting to Rupees 125 (or, the sum of Rupees 50 has been awarded to the said Defendant as costs and damages), and whereas the said Defendant (or the said Plaintiff) has failed to liquidate the award against him, these are to command you to apprehend the said Sheik Goomanee Defendant (or the said Baboo Kalachand Plaintiff and unless the said Sheik Goomanee (or the said Baboo Kalachand) shall forthwith pay to you the said sum of Rupees 125 (or the said sum of Rupees 50) together with the costs of this process, to produce him before this Court, to be dealt with according to law.

Given under my hand and the seal of this Court, this 15th day of September, 1846.

(Signed) A. B.,
Collector or Depy. Collr., &c. as before.

Section 20, Regulation VIII. of 1831.

No. 6.—Writ of Execution against the effects.

To Nuzzur Ali, Nazir of the Collector's Office, for the district of Nuddeah.

Whereas in the suit instituted by Baboo Kalachand of Santipore, Plaintiff, against Sheik Goomanee of Durrumtollah, in the town of Calcutta, Defendant, for the recovery of arrears of rent, the sum of Rupees 100 has been adjudged to be due to the said Plaintiff, with interest at 12 per cent. per annum to the day of payment, which to this date amounts to Rupees 10, and 15 Rupees for costs of suit, amounting to Rupees 125 (or the sum of Rupees 50 has been awarded to the said Defendant as costs and damages) and whereas the said Defendant (or the said Plaintiff) has failed to liquidate the award against him, these are to command you to levy the said sum of Rupees 125 (or the said sum of Rupees 50) together with the costs of this process, by distress and sale of the goods and chattels of the said Sheik Goomanee Defendant (or the said Baboo Kalachand Plaintiff) and you are hereby further commanded to certify to me what you shall do by virtue of this Writ.

Given under my hand and this Court at Nuddeah, this 20th day of September, 1846.

(Signed) A. B.,
Collector or Depy. Collr., &c. as before.

Sudder Board of Revenue,
Fort William, the 12th August, 1846.

(Signed) G. Plowden,
Officiating Secretary.

সালিয়ানা শতকরা ১২৲ টাকার হিসাবে সুদের ডিক্রী হইল এবং অদ্যকার তারিখপর্য্যন্ত সেই সুদ ১০৲ টাকা হয় এবং মোকদ্দমার খরচা ১৫৲ টাকা একুনে ১২৫৲ টাকার ডিক্রী হইল (অথবা খরচা ও ক্ষতির নিমিত্তে উক্ত আসামীর প্রতি ৫০৲ টাকার ডিক্রী হইয়াছে)। এবং যেহেতুক উক্ত আসামী (অথবা উক্ত ফরিয়াদীর) প্রতিকূলে যে ডিক্রী হইয়াছিল তাহার টাকা দিতে স্বীকার করিল না অতএব এই পরওয়ানার দ্বারা তোমার প্রতি হুকুম হইতেছে যে তুমি উক্ত সেখ গুমানি আসামীকে (অথবা উক্ত ফরিয়াদী বাবু কালাচাঁদকে) গ্রেফ্তার কর এবং যদ্যপি ঐ সেখ গুমানি (অথবা উক্ত বাবু কালাচাঁদ) দাওয়ামাত্র তোমাকে উক্ত ১২৫৲ টাকা (অথবা ৫০৲ টাকা) এবং এই হুকুমের খরচা না দেয় তবে আইনমত তাহার সঙ্গে কার্য্য হইবার নিমিত্তে তাহাকে এই আদালতে হাজির করাও।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে ১৮৪৬ সালের ১৫ সেপ্টেম্বর তারিখে দেওয়া গেল।

অমুক।
কালেক্টর কি ডেপুটী
কালেক্টরপ্রভৃতি (যথা উপরে)।

১৮৩১ সালের ৮ আইনের ২০ ধারা।

৬ নং।

সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের পরওয়ানা।

জিলা নদীয়ার কালেক্টর সাহেবের কাছারীর নাজির শ্রী নজর আলী প্রতি আগে।

যেহেতুক বাকী খাজানা আদায়ের নিমিত্তে শান্তিপুরনিবাসি বাবু কালাচাঁদ ফরিয়াদী কলিকাতা শহরের ধর্ম্মতলানিবাসি সেখ গুমানি আসামীর নামে যে মোকদ্দমা উপস্থিত করিয়াছিল সেই মোকদ্দমায় ফরিয়াদীর পাওনা ১০০৲ টাকার এবং সেই টাকা দেওনের তারিখপর্য্যন্ত সালিয়ানা শতকরা ১২৲ টাকার হিসাবে সুদের ডিক্রী হইল এবং অদ্যকার তারিখপর্য্যন্ত সেই সুদ ১০৲ টাকা হয় এবং মোকদ্দমার খরচা ১৫৲ টাকা একুনে ১২৫৲ টাকার ডিক্রী হইল (অথবা খরচা ও ক্ষতির নিমিত্তে উক্ত আসামীর প্রতি ৫০৲ টাকার ডিক্রী হইয়াছে) এবং যেহেতুক উক্ত আসামী (অথবা উক্ত ফরিয়াদীর) প্রতিকূলে যে ডিক্রী হইয়াছিল তাহার টাকা দিতে স্বীকার করিল না অতএব ইহার দ্বারা তোমাকে হুকুম দেওয়া যাইতেছে যে উক্ত সেখ গুমানি আসামীর (অথবা উক্ত বাবু কালাচাঁদ ফরিয়াদীর) জিনিসপত্র ক্রোক ও বিক্রয় করিয়া উক্ত ১২৫৲ টাকা (অথবা উক্ত ৫০৲ টাকা) এবং এই পরওয়ানার খরচা আদায় কর এবং আরো তোমার প্রতি হুকুম হইল যে এই পরওয়ানাক্রমে তুমি যাহা২ করিবা তাহা আমাকে জানাও।

আমার দস্তখৎ এবং এই নদীয়া আদালতের মোহরে ১৮৪৬ সালের ২০ সেপ্টেম্বর তারিখে দেওয়া গেল।

অমুক।
কালেক্টর কি ডেপুটী
কালেক্টরপ্রভৃতি (যথা উপরে)।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১২ আগষ্ট।

জি প্লোডন। একটিং সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 20.

To the Civil Judges in the Lower Provinces.

1. The Court having had occasion to notice the irregular transfer of cases from heading 12 of the Judges to heading 13 of the Principal Sudder

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

১। সদর আদালতের সাহেবেরা দেখিতেছেন যে ২নম্বরী মাসিক কৈফিয়তে জজ সাহেবের ১২ শিরোভাগহইতে মোকদ্দমা খারিজ করিয়া প্রধান সদর আমীনের